বাংলাদেশে বৃটিশ ধাঁচের (Westminster Model) সংসদীয় সরকার ব্যবস্থা বিদ্যমান। সংবিধানের বিধানাবলী মোতাবেক প্রজাতন্ত্রের জন্য আইন প্রণয়ণ, নির্বাহী বিভাগের কাজের তদারকি করা এবং সংসদে জনগণের প্রতিনিধিত্ব করবার জন্য জাতীয় সংসদ গঠিত হয়। সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভা যৌথভাবে আইনসভার নিকট দায়ী থাকেন। সংবিধানে নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করার জন্য সংসদকে কতিপয় ক্ষমতা প্রদান করা হয়েছে এবং কার্য প্রণালীবিধিতে সে সকল ক্ষমতা প্রয়োগের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। সংসদ সদস্যগণ এককভাবে এবং কমিটি ব্যবস্থার মাধ্যমে যৌথভাবে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগের কার্যক্রম তদারকি, সরকারের নীতি ও কর্মসূচী সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করা, আইনের সংশোধন, বাজেট ও সরকারের ব্যয় পরীক্ষা এবং জনগুরুত্বপূর্ণ ইস্যুতে তদন্ত করতে পারেন। সংসদীয় কার্যপদ্ধতি নিয়ে গবেষণা করেছেন এরকম বিশেষজ্ঞগণ সরকারের কার্যক্রম তদারকি করবার ক্ষেত্রে সংসদকে একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে দেখেছেন। রাষ্ট্রবিজ্ঞানী K.C. Wheare এর মতে আধুনিক পার্লামেন্ট আইন প্রণয়নের চেয়ে নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করার জন্য অধিকতর সময় ব্যয় করে থাকে। তবে একই সাথে তিনি দাবী করেন যে, ১৯৬০ এর দশকে ওয়েস্টমিনিস্টার মডেলের সরকার ব্যবস্থায় নির্বাহী বিভাগের তুলনায় পার্লামেন্টের ক্ষমতা ক্রমাগত হ্রাস পেয়েছে (Wheare 1963)। এ অবস্থার জন্য ব্রিটিশ লর্ড সভার সদস্য ও বিশিষ্ট পার্লামেন্ট বিশেষজ্ঞ Philip Norton নির্বাহী বিভাগ ও আইন সভার মধ্যকার ক্ষমতার অসম বন্টন, নির্বাহী বিভাগের কাজের পরিধি বৃদ্ধি, কঠোর দলীয় শৃঙ্খলাবিধি, বিকশমান আমলাতন্ত্র এবং সংঘবদ্ধ স্বার্থবাদী গোষ্ঠীকে দায়ী করেছেন (The Norton Commission 2000)। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বৃটেনসহ ওয়েস্টমিনিস্টার মডেলের সরকার ব্যবস্থা বিদ্যমান এ রকম দেশসমূহে সংসদীয় কমিটি ব্যবস্থাকে সম্প্রসারিত করা হয়েছে। Lawrence, Davidson, Copeland I Patterson তাদের গবেষণায় দেখা যায় যে, ১৯৭০ এর দশক থেকে ইউরোপের দেশসমূহে নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করার জন্য সংসদ সদস্যরা সংসদীয় বিতর্ক ও কমিটিতে ক্রমাগত জোরালো ভূমিকা রাখছেন (Copeland and Patterson 1994)। মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানী, জাপান, ফিলিপাইন প্রভৃতি দেশে নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করার ক্ষেত্রে মন্ত্রণালয় সম্পর্কিত কমিটিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ওয়েস্টমিনিস্টার মডেলের সংসদীয় সরকার ব্যবস্থা বিদ্যমান রয়েছে এমন সকল দেশেও তদারকি কার্যক্রম শক্তিশালী করার জন্য সংসদীয় কমিটি ব্যবস্থাকে সম্প্রসারিত করে মন্ত্রণালয় সম্পর্কিত কমিটি গঠন করা হয়েছে (Merzey, 1995)। যেমন, বৃটিশ পার্লামেন্টে ১৯৭৯ সালে এবং ভারতীয় পার্লামেন্টে ১৯৮৯ সালে প্রথমবারের মতো মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি

<sup>৪</sup>সরকার ও রাজনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, যোগাযোগ: mahiuddinbd@yahoo.com

গঠন করা হয়েছে। বাংলাদেশে ওয়েস্টমিনিস্টার মডেলের সংসদীয় সরকার ব্যবস্থা অনুসরণ করা হলেও নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করার জন্য ১৯৭৪ সালে যুক্তরাষ্ট্রীয় মডেলের অনুকরণে কার্য প্রণালীবিধিতে মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি গঠনের বিধান রাখা হয়েছিল। তবে ১৯৭৯ সালে দ্বিতীয় জাতীয় সংসদে প্রথমবারের মতো মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি গঠন করা হয়েছিল। ১৯৯১ সালে পুনরায় সংসদীয় সরকার ব্যবস্থা প্রবর্তনের পর নির্বাহী বিভাগের তদারকি কার্যক্রম আরো শক্তিশালী করার জন্য কমিটি ব্যবস্থাকে শক্তিশালীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ৭ম জাতীয় সংসদ থেকে মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রীর পরিবর্তে সংসদ সদস্যকে কমিটির সভাপতি হিসেবে নিয়োগ প্রদানের ব্যবস্থা। বর্তমান প্রবন্ধে সংসদীয় তদারকি ব্যবস্থার উপর সাধারণ আলোকপাত করার পর ৯ম জাতীয় সংসদের তদারকি কার্যক্রমের মূল্যায়ন করা হয়েছে এবং প্রাসঙ্গিকভাবে কোন কোন ক্ষেত্রে ৭ম ও ৮ম জাতীয় সংসদের তদারকি কার্যক্রমের সাথে তুলনা করা হয়েছে। প্রবন্ধে ব্যবহৃত তথ্য-উপাত্ত জাতীয় সংসদের কার্যবাহের সারাংশ, সংসদীয় স্থায়ী কমিটি সমূহের প্রতিবেদন এবং গবেষণা প্রতিবেদন থেকে সংগ্রহ করা হয়েছে।

## সংসদীয় তদারকি কৌশল

বর্তমান সময়ে শুধুমাত্র আইন প্রণয়নের মধ্যে সংসদের কার্যক্রম সীমাবদ্ধ নেই, সংসদকে আইন প্রণয়নমূলক দায়িত্ব পালনের পাশাপাশি নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করতে হয়। সংসদীয় তদারকির মাধ্যমে সরকার তার উপর অর্পিত দায়িত্ব দক্ষতা, স্পষ্টতা, সততা এবং নিষ্ঠার সাথে সম্পাদন করছে কিনা সেই সাথে সরকারী অর্থ আইনানুগ, দক্ষতা এবং উদ্দেশ্যের সাথে সঙ্গতি বজায় রেখে ব্যয় করছে কিনা তা পরীক্ষা করা হয়ে থাকে।

সরকারের কর্মকা- তদারকি করবার জন্য সংসদের বিভিন্ন ধরনের কৌশল (Legislative tools) ব্যবহার করবার সুযোগ রয়েছে এবং এই সকল কৌশল ব্যহারের পেছনে থাকে সংবিধানের স্বীকৃতি। ফলে সংবিধানসিদ্ধ উপায়ে সংসদ নির্বাহী বিভাগের সকল ধরনের কার্যক্রম তদারকি করে থাকে। দেশভেদে ভিন্নতা থাকলেও তদারকির উদ্দেশ্যে সংসদ যে সকল কৌশল ব্যবহার করে থাকে, সেগুলোকে একক পদ্ধতি (Individual Mechanism) ও যৌথ পদ্ধতি (Collective Mechanism) হিসেবে চিহ্নিত করা যায়। একক পদ্ধতিসমূহের মধ্যে রয়েছে- প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীগণের প্রশ্ন-উত্তর প্রদান, অর্ধ-ঘণ্টা আলোচনা, মূলতবি প্রস্তাব, জরুরি জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ ও মন্ত্রী কর্তৃক বিবৃতি প্রদান, সিদ্ধান্ত-প্রস্তাব ইত্যাদি (Ahmed, 2002)। অপরদিকে সংসদীয় কমিটির মাধ্যমে নির্বাহী বিভাগের কর্মকান্ডকে তদারকি করার কৌশলকে যৌথ পদ্ধতি (Collective Mechanism) হিসেবে চিহ্নিত করা হয়ে থাকে। জাতীয় সংসদের অভ্যন্তরীণ কার্যক্রম সংসদের কার্যপ্রণালী-বিধি মোতাবেক পরিচালিত হয়। কার্যপ্রণালী বিধিতে আইন প্রণয়ন ও নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করার পদ্ধতির বিস্তারিত উল্লেখ রয়েছে।

## একক পদ্ধতি (Individual Mechanism)

### ক. প্রশ্ন-উত্তর পর্ব

সংসদীয় পদ্ধতির সরকার-ব্যবস্থায় নির্বাহী বিভাগের কর্মকা- তদারকি করার জন্য যে সকল ব্যবস্থা বা মাধ্যম রয়েছে তার মধ্যে প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীর প্রশ্ন করা এবং তাদের উত্তরপ্রদান একটি কার্যকর মাধ্যম। নির্বাহী বিভাগের জবাবদিহিতা আরো কার্যকর করার কৌশল হিসেবে বৃটিশ প্যারলিমেণ্টে প্রথম প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব চালু করা হয়েছে। 'ওয়েস্টমিনিস্টার মডেল' অনুসরণকারী বিশ্বের বিভিন্ন দেশসমূহের মধ্যে একমাত্র বাংলাদেশে যুক্তরাজ্যের মতো প্রধানমন্ত্রীর জন্য প্রশ্নোত্তর পর্ব চালু আছে। সপ্তম জাতীয় সংসদ থেকে নিয়মিতভাবে 'প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব'-এ প্রধানমন্ত্রী সংসদে নির্ধারিত দিনে প্রশ্নের জবাব প্রদান করে থাকেন। শুরুতে অধিবেশনকালে প্রতি মঙ্গলবার প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্বের জন্য চালু হলেও বর্তমানে প্রতি বুধবার বৈঠকের শুরুতেই মন্ত্রীদের প্রশ্নোত্তরের জন্য নির্ধারিত এক ঘণ্টার অতিরিক্ত ত্রিশ মিনিট সময় প্রধানমন্ত্রীর প্রশ্ন ও উত্তরদানের জন্য নির্দিষ্ট রাখা হয়। পরিসংখ্যান



থেকে দেখা যায় যে, ৭ম জাতীয় সংসদে প্রধান মন্ত্রীর প্রশ্ন-উত্তর পর্ব চালু হওয়ার পর থেকে ক্রমাগত প্রশ্ন উত্থাপন এবং প্রধানমন্ত্রী কর্তৃক প্রশ্নের উত্তর প্রদানের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে (টেবিল-১)।

#### টেবিল ১: প্রধানমন্ত্রীর প্রশ্ন - উত্তর পর্ব

| প্রশ্ন ব্যবহারের প্রকৃতি | ৭ম জাতীয় সংসদ | ৮ম জাতীয় সংসদ | ৯ম জাতীয় সংসদ |
|--------------------------|----------------|----------------|----------------|
| প্রশ্ন উত্থাপন           | ২২৮৯           | ৩১০১           | ৩৪৯৩           |
| প্রশ্ন গ্রহণ             | ৩৫১            | ৭৮৬            | ৭৯৩            |
| প্রশ্নের উত্তর প্রদান    | ২৪৯            | ৬১৫            | ৭৯৩            |
| প্রশ্ন বাতিল             | ১০৩৮           | ১৫৮৪           | ১৭৮৭           |
| প্রশ্ন তামাদি            | ৯০০            | ৭৩১            | ৯১৩            |

উৎস: *Peter Lilienfeld and K. M. Mahiuddin, End of Term Report on 9th Parliament of Bangladesh, Dhaka: Bangladesh Parliament Secretariat and IPD Project, Unpublished report, 2014.*

নবম জাতীয় সংসদের বিভিন্ন অধিবেশনে প্রধানমন্ত্রীকে যে সকল প্রশ্ন করা হয়েছিল তার মধ্যে সেচের জন্য বিদ্যুত সুবিধা চালু ও সুন্দরবনের রামপাল বিদ্যুৎকেন্দ্র নির্মাণ, খাদ্য নিরাপত্তা, দেশের ভিতরে গ্যাস অনুসন্ধানকারী বিভিন্ন বিদেশী কোম্পানির গ্রহণযোগ্যতা, কৃষি উৎপাদন ও এ খাতে ভর্তুকি প্রদান, সমুদ্রবন্দরের সার্বিক উন্নয়নে বিশেষ পরিকল্পনা গ্রহণ করা, পরিবেশ ও বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার, জঙ্গীবাদ, পুঁজিবাজার সংক্রান্ত সমস্যা ও এর আধুনিকায়ন, গৃহহীন জনগোষ্ঠীর জন্য গৃহায়ন প্রকল্প, বন্ধ হয়ে যাওয়া শিল্প কারখানা চালু, যুদ্ধাপরাধীদের বিচার, পররাষ্ট্র নীতি, পদ্মা সেতু প্রকল্পের বাস্তবায়ন, সীমান্তে হত্যাকাণ্ডের বিষয়ে পদক্ষেপ, পোশাক শিল্প, সরকারি অফিসে দুর্নীতিপ্রতিরোধে গৃহীত ব্যবস্থা বিশেষভাবে উল্লেখযোগ্য। তবে প্রশ্নের ধরণ ও প্রশ্ন উত্থাপনের উদ্দেশ্য থেকে ধারণা করা যায় যে নির্বাহী বিভাগের জবাবদিহিতা অর্জনের চেয়ে দলীয় নেত্রীকে সম্বলিত করার প্রবণতা বেশী।

সংসদ সদস্য কর্তৃক মন্ত্রীগণকে প্রশ্ন উত্থাপন ও উত্তর প্রদান বিশ্বের সকল দেশে সংসদীয় জবাবদিহিতার একটি কার্যকর কৌশল হিসেবে বিবেচিত হয়ে থাকে, সেই সাথে সংসদ অধিবেশনের একটি প্রাণবন্ত ও উপভোগ্য বিষয় হিসেবেও গণ্য করা হয়ে থাকে। বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধির ৪১ বিধি অনুযায়ী নুযায়ী সংসদের প্রত্যেক বৈঠকের প্রথম এক ঘন্টা প্রশ্ন উত্থাপন ও তার উত্তরদানের জন্য প্রশ্নকাল হিসেবে নির্ধারিত থাকে। একঘন্টা সময়ে সংসদ সদস্যগণ জন-গুরুত্বসম্পন্ন কোন বিষয় সম্পর্কে তথ্য জানার উদ্দেশ্যে যে কোন মন্ত্রী বা সদস্যকে প্রশ্ন করতে পারেন, তবে উক্ত বিষয় সেই মন্ত্রী বা সদস্যের বিশেষ এখতিয়ারভুক্ত হতে হয়। এছাড়া, কার্যপ্রণালী-বিধির ৪৩ (২) বিধি অনুযায়ী বেসরকারী সদস্যের দায়িত্বভুক্ত কোন বিল, সিদ্ধান্ত-প্রস্তাব বা সংসদের কাজের সাথে সম্পর্কযুক্ত কোন বিষয়ে বেসরকারী সদস্যকেও প্রশ্ন করা যায়। এছাড়া, স্পীকারের অনুমতি নিয়ে সম্পূর্ণ প্রশ্ন করার সুযোগ রয়েছে।

সংসদে প্রশ্ন-উত্তর পর্বের জন্য গৃহীত প্রশ্নসমূহকে তারকা চিহ্নিত ও তারকা চিহ্নবিহীন প্রশ্ন হিসেবে ভাগ করা যায়। কোন প্রশ্নের মৌখিক উত্তরের জন্য নোটিশদাতা সদস্য তাঁর প্রশ্নটিকে তারকাচিহ্নের দ্বারা চিহ্নিত করেন যাকে 'তারকাচিহ্নিত প্রশ্ন' বলে অভিহিত করা হয়। আর যে সকল প্রশ্নের লিখিত উত্তর প্রদান করা হয় তাদেরকে 'তারকাচিহ্নবিহীন প্রশ্ন' বলা হয়। প্রধানমন্ত্রীর নিকট জিজ্ঞাসিত সকল প্রশ্নকেই তারকাচিহ্নিত প্রশ্ন বলে গণ্য করা হয়।

বর্তমানে কোন দিন কোন মন্ত্রণালয়ের প্রশ্নোত্তর অনুষ্ঠিত হবে তা পরিপত্রের মাধ্যমে সংসদ সচিবালয় থেকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। এতে সকল মন্ত্রণালয়/বিভাগকে চক্রাকারে অন্তর্ভুক্ত করা হয়। এ কারণে একটি মন্ত্রণালয়/বিভাগের প্রশ্নোত্তর একবার অনুষ্ঠিত হওয়ার পর অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের প্রশ্নোত্তর শেষ না হওয়া পর্যন্ত পুনরায় একই মন্ত্রণালয়/বিভাগের প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয় না।

বাংলাদেশে পুনরায় সংসদীয় গণতন্ত্রের যাত্রা শুরু হওয়ার পর থেকে নিয়মিতভাবে সংসদে প্রশ্ন-উত্তর পর্ব চলে আসছে। পরিসংখ্যান থেকে দেখা যায় যে, ৫ম থেকে ৯ম জাতীয় সংসদ সমূহের মধ্যে নবম জাতীয় সংসদে মৌখিক ও লিখিত উভয় ধরনের প্রশ্ন সবচেয়ে বেশী উত্থাপিত হয়েছে এবং উত্তর প্রদান করা হয়েছে। তবে নবম জাতীয় সংসদেও মোট ৪১৮ কার্যদিবসের মধ্যে প্রধান বিরোধী দল মাত্র ৭৬ কার্যদিবসে উপস্থিত থাকায় প্রশ্ন-উত্তর পর্বে তাদের অংশগ্রহণ ছিল সীমিত ফলে সরকার দলীয় সংসদ-সদস্য ও স্বতন্ত্র সংসদ সদস্য কর্তৃক অধিকাংশ প্রশ্ন উত্থাপিত হয়েছে এবং এই সকল প্রশ্নের অধিকাংশই সংশ্লিষ্ট সংসদ-সদস্যের নির্বাচনী এলাকার উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত এবং কিছু সংখ্যক প্রশ্ন উত্থাপিত হয়েছে দেশের আইন-শৃংখলা সংক্রান্ত বিষয়ে।

টেবিল ২: তারকা চিহ্নিত প্রশ্ন (যে সকল প্রশ্নের মৌখিক উত্তর প্রদান করা হয়)

| প্রশ্ন ব্যবহারের প্রকৃতি                      | ৫ জাতীয় সংসদ | ৭ম জাতীয় সংসদ | ৮ম জাতীয় সংসদ | ৯ম জাতীয় সংসদ |
|---|---------------|----------------|----------------|----------------|
| প্রশ্ন উত্থাপন                                | ৯৪৬৩          | ৬৯৩৩           | ৬২৬৩           | ১৩৬২২          |
| প্রশ্ন গ্রহণ                                  | ৩৩৬৩          | ২৯৪২           | ৩১৬১           | ১০৪০৭          |
| প্রশ্নের উত্তর প্রদান                         | ৩০৫৭          | ১৯১১           | ২৮৯৪           | ৯০৩৯           |
| স্থানান্তর/প্রত্যাহার/ উত্তর প্রদান করা হয়নি | ৩০৬           | ১০৩১           | ২৬৭            | ১৩৬৮           |
| প্রশ্ন বাতিল                                  | ২৬৯৯          | ২১৭১           | ১৫৩০           | ১০১৯           |
| প্রশ্ন তামাদি                                 | ৩৪০১          | ১৮২০           | ১৫৭২           | ২১৯৬           |

উৎস: Peter Lilienfeld and K. M. Mahiuddin, End of Term Report on 9th Parliament of Bangladesh, Dhaka: Bangladesh Parliament Secretariat and IPD Project, Unpublished report, 2014.

টেবিল ৩ : তারকা বিহীন প্রশ্ন (যে সকল প্রশ্নের উত্তর লিখিতভাবে প্রদান করা হয়)

| প্রশ্ন ব্যবহারের প্রকৃতি                      | পঞ্চম জাতীয় সংসদ | সপ্তম জাতীয় সংসদ | অষ্টম জাতীয় সংসদ | নবম জাতীয় সংসদ |
|---|-------------------|-------------------|-------------------|-----------------|
| প্রশ্ন উত্থাপন                                | ৩৭৯০৭             | ৩২১৯৫             | ২৬৬৯৩             | ৪৬৫২৫           |
| প্রশ্ন গ্রহণ                                  | ৯৩৯১              | ৯৬৭৯              | ১১৯৭৩             | ২৮২৪০           |
| প্রশ্নের উত্তর প্রদান                         | ৮৬৮৩              | ৭৮৪২              | ১১০৯৯             | ২৩৬৪৯           |
| স্থানান্তর/প্রত্যাহার/ উত্তর প্রদান করা হয়নি | ৭০৮               | ১৮৩৭              | ৮৭৪               | ৪৫৯১            |
| প্রশ্ন বাতিল                                  | ৭৭০৩              | ৮০৯৬              | ৩৪৭৯              | ২৮৪৭            |
| প্রশ্ন তামাদি                                 | ২০৮১৩             | ১৪৪২০             | ১১২৪১             | ১৫৪৩৮           |

উৎস: Peter Lilienfeld and K. M. Mahiuddin, End of Term Report on 9th Parliament of Bangladesh, Dhaka: Bangladesh Parliament Secretariat and IPD Project, Unpublished report, 2014.

খ. অর্ধ ঘন্টা আলোচনা (বিধি ৬০)

কার্যপ্রণালী-বিধির ৬০ বিধি মোতাবেক যে কোন জন-গুরুত্বসম্পন্ন বিষয় সম্পর্কে তারকাচিহ্নিত বা তারকাচিহ্নবিহীন প্রশ্নের উত্তরে বর্ণিত কোন বাস্তব ঘটনা সম্পর্কে বিশদ বিবরণ বা প্রশ্নের উত্তরের স্পষ্টিকরণ প্রয়োজন হলে সে সম্পর্কে সংসদ সদস্য কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে সংক্ষিপ্ত বিবৃতি প্রদান করার পর সংশ্লিষ্ট মন্ত্রী সংক্ষেপে তার উত্তর প্রদান করে থাকেন যা অর্ধ ঘন্টা আলোচনা নামে পরিচিত। পরিসংখ্যান থেকে দেখা যায় যে, ৫ম জাতীয় সংসদে ৬০ বিধিতে মোট ১৩৩টি নোটিশ প্রদান করা হয়েছিল তন্মধ্যে মাত্র ১টি নোটিশের উপর আলোচনা অনুষ্ঠিত হয়েছিল, ৭ম ও ৮ম জাতীয় সংসদে যথাক্রমে ২১ ও ৮টি নোটিশ প্রদান করা হলেও কোন নোটিশের উপর আলোচনা অনুষ্ঠিত হয়নি এবং নবম জাতীয় সংসদে ৬০ বিধিতে কোন নোটিশ প্রদান করা হয়নি (Lilienfeld and Mohiuddin, 2014)।

### গ. মূলতবী প্রস্তাব (বিধি ৬১-৬৭)

কার্যপ্রণালী-বিধির ৬১-৬৭ বিধি মোতাবেক যে কোন সদস্য জনস্বার্থে কোন বিষয়ে আলোচনা বা আলোচনার উদ্দেশ্যে সংসদের ঐদিনের অন্যান্য কার্যক্রম মূলতবী করার জন্য বিধি মোতাবেক প্রস্তাব উত্থাপন করতে পারেন এবং স্পীকারের নিকট পস্থাবিত বিষয়টি বিধিসম্মত মনে হলে প্রশ্নকাল শেষ হওয়ার পরপরই তিনি সংশ্লিষ্ট সদস্যকে তাঁর প্রস্তাবটি উত্থাপনের জন্য আহ্বান করতে পারেন এবং অনধিক ২ঘন্টা আলোচনার জন্য স্পীকার বক্তৃতার সময়-সীমা নির্ধারণ করে থাকেন। প্রাপ্ত পরিসংখ্যান থেকে দেখা যায় যে, প্রথম জাতীয় সংসদের যাত্রাকাল থেকে নবম জাতীয় সংসদে ১১,৫০০ মূলতবী প্রস্তাবের মধ্যে বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে মাত্র ৪টি প্রস্তাবের উপর আলোচনা অনুষ্ঠিত হয়েছে (Lilienfield & Mohiuddin 2014)।

### ঘ. জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা (বিধি ৬৮)

জরুরি জন-গুরুত্বপূর্ণ বলে বিবেচিত কোন বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনার জন্য কার্যপ্রণালী-বিধির ৬৮ বিধির আওতায় যে কোন সংসদ সদস্য আলোচনা অনুষ্ঠানের জন্য প্রস্তাব উত্থাপন করতে পারেন এবং কার্যপ্রণালী বিধি মোতাবেক তা' স্পীকার কর্তৃক গৃহীত হলে নোটিশ প্রদানকারী সদস্য সংক্ষিপ্ত বিবৃতি দিতে পারেন এবং সংশ্লিষ্ট মন্ত্রী সংক্ষেপে তার উত্তর দিয়ে থাকেন। পরিসংখ্যান থেকে দেখা যায় যে, উপরোক্ত বিধির আওতায় নবম জাতীয় সংসদে মোট ২২টি নোটিশ প্রদান করা হয়েছিল তন্মধ্যে সরকার দলীয় সংসদ সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত (সুনামগঞ্জ-২) কর্তৃক আনীত 'যুদ্ধাপরাধীদের রক্ষার জন্য মাননীয় বিরোধী দলীয় নেত্রী রোড মার্চের নামে সারাদেশে যে মিথ্যাচার ও আইন বহির্ভূত কাজে লিপ্ত হয়েছেন তা নিবারণ' প্রসঙ্গে প্রদত্ত নোটিশের উপর ভিত্তি করে সংসদের ১১তম অধিবেশনের ২৬ অক্টোবর ২০১১ তারিখের বৈঠকে আলোচনা অনুষ্ঠিত হয়েছে (Lilienfield & Mohiuddin 2014)।

### ঙ. জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি ৭১)

জাতীয় সংসদে জরুরি জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর মনোযোগ আকর্ষণের জন্য কার্যপ্রণালী-বিধির ৭১ বিধির যথেষ্ট প্রয়োগ লক্ষ্য করা যায়। এ বিধি অনুযায়ী সংসদের প্রতিদিনের বৈঠকের জন্য প্রাপ্ত নোটিশসমূহ হতে অধিক জরুরি ও জন-গুরুত্বপূর্ণ ৩টি নোটিশ পরবর্তী বৈঠকে আলোচনার জন্য স্পীকার গ্রহণ করে থাকেন। দিনের কার্যসূচিতে অন্তর্ভুক্ত নোটিশটি সংশ্লিষ্ট সদস্য পড়ে শুনানোর পর সংশ্লিষ্ট মন্ত্রী সংক্ষিপ্ত বিবৃতি প্রদান করেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্য একটি সম্পূর্ণ প্রশ্ন করতে পারেন এবং সংশ্লিষ্ট মন্ত্রী তার জবাব দিয়ে থাকেন। নবম জাতীয় সংসদে ৭১ বিধিতে মোট ৯৬৫৬টি নোটিশ প্রদান করা হয়েছিল তন্মধ্যে ৩৮৪টি নোটিশ গৃহীত হয়েছিল এবং তার মধ্যে ৩০২টি নোটিশের উপর আলোচনা অনুষ্ঠিত হয়েছিল (Lilienfield & Mohiuddin 2014)। এছাড়া, কার্যপ্রণালী-বিধির ৭১(১) বিধি অনুযায়ী গ্রহণযোগ্য অথচ গ্রহণ করা সম্ভব হয়নি এরকম নোটিশের উপর সংশ্লিষ্ট সদস্যগণ ৭১ক বিধি মোতাবেক দুই মিনিট করে সর্বোচ্চ ৩০ মিনিট আলোচনার সুযোগ পেয়ে থাকেন। দুই মিনিট করে সংসদের বৈঠকে আলোচিত নোটিশসমূহের উপর সংশ্লিষ্ট মন্ত্রীর উত্তরমূলক সংক্ষিপ্ত লিখিত বিবৃতি পরবর্তী সংসদ অধিবেশনের প্রথম তিন বৈঠক দিবসের মধ্যে সংসদের টেবিলে উপস্থাপন করা হয়ে থাকে।

নির্বাহী বিভাগের জবাবদিহিতা আনয়নের ক্ষেত্রে বিভিন্ন উপায়সমূহের মধ্যে মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা আনয়ন সংসদ-সদস্যদের জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। কার্যপ্রণালী-বিধির ১৫৯ বিধি অনুযায়ী কোন সদস্য অনূন্য তিন দিনের নোটিশ প্রদান করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মন্ত্রিসভার বিরুদ্ধে আস্থাহীনতা জ্ঞাপন করে প্রস্তাব উত্থাপনের অনুমতি প্রার্থনা করতে পারেন। প্রস্তাবটি স্পীকারের নিকট বিধিসম্মত বলে প্রতিয়মান হলে তিনি প্রস্তাবটি সংসদে পড়ে শুনান এবং যদি অনূন্য ত্রিশজন সদস্য উক্ত প্রস্তাব উত্থাপনের পক্ষে মত প্রদান করলে স্পীকার প্রস্তাবটি উত্থাপন করছেন বলে ঘোষণা করেন। প্রস্তাবটি গৃহীত হওয়ার অনধিক দশ দিনের মধ্যে উক্ত প্রস্তাব আলোচনার জন্য স্পীকার এক বা একাধিক দিন বা দিনের অংশবিশেষ বরাদ্দ করবেন। প্রস্তাবটি উত্থাপন করার সময়ে

বাংলাদেশে সংসদীয় তদারকি ব্যবস্থার পর্যালোচনা

লোক-প্রশাসন সাময়িকী, সংখ্যা ৬৮, ২০১৮ খ্রিস্টাব্দ/ ১৪২৫ বঙ্গাব্দ, পৃষ্ঠা ৩৫-৪৯

প্রস্তাবটির উত্থাপনকারী এবং উত্তরদানকালে প্রধানমন্ত্রী বা ক্ষেত্রমত তাঁর পক্ষ হতে অন্য কোন মন্ত্রী স্পীকারের অনুমতিক্রমে দীর্ঘতর সময়ের জন্য বক্তব্য দিতে পারেন। মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবটি পাশ করতে হলে সংসদের দুই-তৃতীয়াংশ সদস্যের ভোটের প্রয়োজন হয়। বাংলাদেশে ৭ম জাতীয় সংসদে সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপিত হলেও সংসদে ভোটে গৃহীত হয়নি।

টেবিল ৫: নবম জাতীয় সংসদে তদারকী কার্যে ব্যয়কৃত সময়

| অধিবেশন | প্রশ্নোত্তর পর্ব  | জনগুরুত্ব পূর্ণ জরুরি বিষয়ে সংসদ সদস্যগণের বক্তব্য প্রদান | জনগুরুত্ব পূর্ণ জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ | জনগুরুত্ব পূর্ণ জরুরি বিষয়ে মূলতর্কী প্রশ্নাব | জন-গুরুত্বপূর্ণ জরুরি বিষয়ের উপর স্বল্পকালীন আলোচনার জন্য প্রশ্নাব |
|---------|-------------------|--|--|--|---|
| ১ম      | ৪০ ঘন্টা ৬ মিনিট  | ২০ ঘন্টা ৫৬ মিনিট  | ৯ ঘন্টা ৩৮ মিনিট                           | ৬ মিনিট  | -   |
| ২য়     | ১০ ঘন্টা ৭ মিনিট  | ৬ ঘন্টা ১৭ মিনিট   | ২ ঘন্টা ৪৩ মিনিট                           | ৩ মিনিট  | -   |
| ৩য়     | ২২ ঘন্টা ২৪ মিনিট | ১১ ঘন্টা ১৭ মিনিট  | ৪ ঘন্টা ৫০ মিনিট                           | ৪ মিনিট  | -   |
| ৪র্থ    | ২৩ ঘন্টা ৫০ মিনিট | ৭ ঘন্টা ৮ মিনিট  | ৪ ঘন্টা ৩১ মিনিট                           | ১৩ মিনিট                                       | -   |
| ৫ম      | ১৮ ঘন্টা ৪৮ মিনিট | ৬ ঘন্টা ৫৫ মিনিট   | ৩ ঘন্টা ৩৮ মিনিট                           | ৬ মিনিট  | -   |
| ৬ষ্ঠ    | ৯ ঘন্টা ৩৬ মিনিট  | ৪ ঘন্টা ২১ মিনিট   | ২ ঘন্টা ৪১ মিনিট                           | ৩ মিনিট  | -   |
| ৭ম      | ৪ ঘন্টা ২ মিনিট   | ৪০ মিনিট   | ১ মিনিট                                    | ১ মিনিট  | -   |
| ৮ম      | ২৫ ঘন্টা ১০ মিনিট | ৮ ঘন্টা ৩৩ মিনিট   | ৪ ঘন্টা ৮ মিনিট                            | ১ মিনিট  | -   |
| ৯ম      | ১৫ ঘন্টা ৩৪ মিনিট | ৬ ঘন্টা ৩ মিনিট  | ১ ঘন্টা ৪০ মিনিট                           | ১ মিনিট  | -   |
| ১০ম     | ৪ ঘন্টা ৫৩ মিনিট  | ১ ঘন্টা ১০ মিনিট   | ৩২ মিনিট                                   | ১ মিনিট  | -   |
| ১১তম    | ১৪ ঘন্টা ৩৮ মিনিট | ৪ ঘন্টা ৫২ মিনিট   | ২ ঘন্টা ৮ মিনিট                            | ১ মিনিট  | ২ ঘন্টা ৩৪ মিনিট  |
| ১২ তম   | ১১ ঘন্টা ৪৬ মিনিট | ৩ ঘন্টা ১৭ মিনিট   | ১ ঘন্টা ১৮ মিনিট                           | ১ মিনিট  | -   |
| ১৩তম    | ১৫ ঘন্টা ২০ মিনিট | ৬ ঘন্টা ২৮ মিনিট   | ৩ ঘন্টা ৫৯ মিনিট                           | ১ মিনিট  | -   |
| ১৪তম    | ১৩ ঘন্টা ১০ মিনিট | ২ ঘন্টা ৪৩ মিনিট   | ১ ঘন্টা ৩৯ মিনিট                           | ১ মিনিট  | -   |
| ১৫তম    | ৯ ঘন্টা ৫৮ মিনিট  | ৩ ঘন্টা ২ মিনিট  | ১ ঘন্টা ৫৮ মিনিট                           | ১ মিনিট  | -   |
| ১৬ তম   | ৮ ঘন্টা           | ১ ঘন্টা ৪০ মিনিট   | ৪৯ মিনিট                                   | ২ মিনিট  | -   |
| ১৭ তম   | ৬ ঘন্টা ১২ মিনিট  | ১ ঘন্টা ৩৮ মিনিট   | ২ মিনিট                                    | ১ মিনিট  | -   |
| ১৮ তম   | ৪ ঘন্টা ৩২ মিনিট  | ১ ঘন্টা ৪৮ মিনিট   | ৫ মিনিট                                    | ২ মিনিট  | -   |
| ১৯ তম   | ১৮ ঘন্টা ২৮ মিনিট | ৪ ঘন্টা ২২ মিনিট   | ৩ ঘন্টা ২০ মিনিট                           |  |   |

উৎস: Peter Lilienfeld and K. M. Mahiuddin, *End of Term Report on 9th Parliament of Bangladesh, Dhaka: Bangladesh Parliament Secretariat and IPD Project, Unpublished report, 2014.*

### যৌথ পদ্ধতি (Collective Mechanism)

কমিটি ব্যবস্থা সংসদীয় পদ্ধতিকে কার্যকর করার একটি অপরিহার্য অঙ্গ হিসেবে বিবেচনা করা হয়। কমিটির মাধ্যমেই সংসদ আইন প্রণয়নকালে সাধারণত এর খুঁটিনাটি পরীক্ষা করে এবং সরকারী ব্যয় তদারকিসহ নির্বাহী বিভাগের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে থাকে। এসব কারণেই কমিটিকে বিশ্বব্যাপী 'মিনি পার্লামেন্ট' হিসেবে গণ্য করা হয়। সাম্প্রতিক সময়ের গবেষণাগণের মধ্যে Susan R Benda, Koen, Yves Meny (1990) কমিটিসমূহকে সংসদীয় কার্যক্রমের প্রাণকেন্দ্র বলে ব্যাখ্যা করেছেন, তাদের মতে আইনপ্রণয়নসহ অধিকাংশ সংসদীয় কার্যক্রম সংসদের কমিটিতে সম্পন্ন হয়, সময় স্বল্পতা ও অন্যান্য কারণে সংসদ অধিবেশনে বিতর্ক অনুষ্ঠানের বাহিরে খুব কম কাজই সম্পন্ন হয় (Susan, Benda and Yves 1990)। Shane Martin তাঁর গবেষণার দেখিয়েছেন যে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম তদারকি করার ক্ষেত্রে সংসদের কমিটি ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। শিলোপন্নত ৩১টি দেশের উপর পরিচালিত তাঁর গবেষণায় দেখা যায় যে, যে সকল দেশে কোয়ালিশন সরকার বিদ্যমান রয়েছে সে সকল দেশে কমিটি ব্যবস্থা তুলনামূলকভাবে অধিক শক্তিশালী (Martin and Depauw 2009)। বিশ্বের ৮৮টি দেশের পার্লামেন্টের তদারকি কার্যক্রমের উপর পরিচালিত ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়নের গবেষণা প্রতিবেদনে দেখা যায় যে, নির্বাহী বিভাগের সুদৃষ্টি কোন কাজ (action) তদারকি করার জন্য ৭৬টি দেশের পার্লামেন্ট তদন্ত কমিটি (committees of

inquiry) গঠন করতে পারে। এ সকল কমিটির তদন্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে অধিবেশনে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় (Yamamoto 2007)।

সরকারের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য সংসদ নির্দিষ্ট সংখ্যক স্থায়ী কমিটি এবং প্রয়োজন অনুযায়ী অস্থায়ী বা বিশেষ কমিটি গঠন করে থাকে। এ সকল কমিটিতে আনুপাতিক হারে সরকার ও বিরোধী উভয় দলের সংসদ সদস্যগণ থাকেন। বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধির ২(১)(গ) বিধি অনুযায়ী “কমিটি” অর্থ সংসদ কর্তৃক বা সংসদের ক্ষমতাবলে গঠিত কোন কমিটি এবং অনুরূপ কমিটির কোন সাব-কমিটিও এর অন্তর্ভুক্ত। কার্যপ্রণালী-বিধিতে বর্ণিত বিধান অনুযায়ী জাতীয় সংসদের স্থায়ী কমিটিসমূহ সংসদ কর্তৃক নিয়োগ, নির্বাচন এবং স্পীকারের মনোনয়নের মাধ্যমে গঠিত হয়। সংবিধান ও কার্যপ্রণালী-বিধি অনুসারে কমিটির গঠন, ক্ষমতা ও কাজ নির্ধারিত ও পরিচালিত হয়ে থাকে। বাংলাদেশ সংবিধানের ৭৬ অনুচ্ছেদ এর মাধ্যমে সংসদীয় কমিটি ব্যবস্থার একটি সুদৃঢ় আইনগত ভিত্তি প্রদান করা হয়েছে। এ অনুচ্ছেদ জাতীয় সংসদকে সরকারী হিসাব কমিটি, বিশেষ অধিকার কমিটি এবং কার্যপ্রণালী-বিধিতে নির্দিষ্ট অন্যান্য স্থায়ী কমিটিসমূহ গঠন করার এখতিয়ার প্রদান করেছে। এছাড়াও উল্লিখিত কমিটিসমূহের অতিরিক্ত অন্যান্য স্থায়ী কমিটি নিয়োগ করার কথাও বলা হয়েছে যার মধ্যে মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিও রয়েছে। কার্যপ্রণালী-বিধি অনুযায়ী এই সকল কমিটির মেয়াদ সংসদের মেয়াদকাল পর্যন্ত বলবৎ থাকে তবে বিল সম্পর্কিত বাছাই কমিটি ও বিশেষ কমিটি নির্ধারিত কার্য সম্পাদন শেষে সংসদে প্রতিবেদন উপস্থাপনের পর সাধারণত বিলুপ্ত হয়ে যায়। এটি একটি রেওয়াজ, কার্যপ্রণালী-বিধিতে এ সংক্রান্ত কোন উল্লেখ নেই। সংসদীয় কমিটিসমূহ সংসদের মেয়াদকালে যে কোন সময়ে পুনর্গঠিত হতে পারে।

সংসদ তার কার্যপ্রণালী-বিধি মোতাবেক সুনির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য সাধারণত ১০ থেকে ১৫ জন সদস্য সমন্বয়ে কমিটি সমূহ গঠন করে থাকে। সংসদে রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিত্বের অনুপাতে বিভিন্ন দলের সংসদ সদস্য নিয়ে এই কমিটি সমূহ গঠন করা হয়। অধিকাংশ কমিটির ক্ষেত্রে কমিটির সভাপতি কমিটি কর্তৃক নির্বাচিত হয়ে থাকে (অনেক সময় গুরুত্বপূর্ণ কমিটির সভাপতি কে হবেন এ বিষয়ে সংসদের অধিবেশনে প্রাক সিদ্ধান্ত গ্রহণ করা হয়) এবং সংসদে সংখ্যা গড়িষ্ঠ দলের সংসদ সদস্যদের মধ্য থেকে অধিকাংশ কমিটির সভাপতির পদ লাভ করে থাকেন। সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ কমিটি সমূহকে দাপ্তরিক কাজে সহায়তা করে থাকে।

সংসদ কর্তৃক নিযুক্ত কোন কমিটি সংবিধান ও অন্য কোন আইন সাপেক্ষে খসড়া বিল ও অন্যান্য আইনগত প্রস্তাব পরীক্ষা এবং আইনের বলবৎকরণ পর্যালোচনা ও বলবৎকরণের জন্য ব্যবস্থাদি গ্রহণের প্রস্তাব সম্বলিত রিপোর্ট সংসদে পেশ করতে পারে। জন-গুরুত্বসম্পন্ন কোন বিষয় সংসদ কোন কমিটিতে প্রেরণ করলে সে বিষয়ে কমিটি পরীক্ষা করে সংসদে রিপোর্ট করবে। এ ছাড়া কমিটির বিবেচনাধীন বিষয়ের সাথে প্রত্যক্ষভাবে জড়িত, আওতাধীন বা সংশ্লিষ্ট না হলেও কমিটি যদি মনে করে যে, এর কার্যকালের সময় এমন বিষয়ের উদ্ভব হয়েছে বা প্রকাশ পেয়েছে, যা সংসদের গোচরীভূত হওয়া প্রয়োজন, সে ক্ষেত্রে কমিটি বিশেষ রিপোর্ট প্রস্তুত করতে পারে। কার্যপ্রণালী-বিধির ২০২ ও ২০৩ বিধিতে কমিটি কর্তৃক সাফ্য গ্রহণ ও রেকর্ড, কাগজপত্র চেয়ে পাঠানোর বিষয়ে অনুসৃত পদ্ধতি সম্পর্কে উল্লেখ করা হয়েছে। সংসদীয় কমিটি এর কাজের প্রয়োজনে কমিটির সচিব কর্তৃক স্বাক্ষরিত নির্দেশ অনুযায়ী কোন সাক্ষাকে প্রয়োজনীয় দলিল পত্রসহ ডেকে পাঠাতে পারে। তবে রাষ্ট্রের নিরাপত্তা বা স্বার্থ বিঘ্নিত হতে পারে এ কারণে সরকার কোন দলিল পেশ করতে অনিচ্ছা প্রকাশ করতে পারে।

### কমিটির ধরণ/ প্রকারভেদ

বাংলাদেশের জাতীয় সংসদের তিন ধরণের কমিটি গঠন করা হয়ে থাকে, যথা: স্থায়ী কমিটি (সংখ্যায় সবচেয়ে বেশী), বাছাই কমিটি এবং বিশেষ কমিটি। সাধারণত: কোন বিল পরীক্ষা করে সংসদে রিপোর্ট প্রদান করার জন্য সংসদ কর্তৃক বাছাই কমিটি গঠন করা হয়। অপরদিকে বিশেষ কমিটির কাজের পরিধি আরো একটু ব্যাপক। সংসদ কোন প্রস্তাব দ্বারা বিশেষ কমিটি নিয়োগ করতে পারে, কমিটির গঠন ও কাজ বা এখতিয়ার কি হবে, সদস্য সংখ্যা কত জন হবে এ বিষয়ে সংসদে আনীত প্রস্তাবে বিস্তারিত উল্লেখ থাকেবে।

বাছাই কমিটি ও বিশেষ কমিটির মধ্যে একটি মিল রয়েছে, সেটি হলো- অর্পিত দায়িত্ব পালন শেষে সংসদে রিপোর্ট প্রদানের মধ্য দিয়ে এই কমিটিগুলোর বিলুপ্ত ঘটে।

স্থায়ী কমিটিগুলো সংসদের পুরো মেয়াদকালের জন্য গঠিত হয়। নবম জাতীয় সংসদে এই ধরনের ৫১টি কমিটি গঠন করেছিল-পূর্বোক্ত জাতীয় সংসদ সমূহের তুলনায় বেশী সংখ্যক কমিটি নবম জাতীয় সংসদে গঠিত হয়েছিল। স্থায়ী কমিটিসমূহের মধ্যে ১১টি সংসদীয় স্থায়ী কমিটি এবং অন্যান্য স্থায়ী কমিটিসমূহ (৪০টি) মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি নামে পরিচিত। মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের কাজের উপর তদারকি করে। কমিটির আওতাধীন মন্ত্রণালয়ের কার্যাবলী পর্যালোচনা করা, সংসদে উত্থাপিত বিল পরীক্ষা করা, মন্ত্রণালয়ের কার্যকলাপ বা অনিয়ম ও গুরুতর অভিযোগ তদন্ত করা। সরকারের প্রত্যেকটি মন্ত্রণালয়ের বিপরীতে একটি করে স্থায়ী কমিটি গঠন করা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী পদাধিকারবলে কমিটির সদস্য, কিন্তু তিনি কমিটির সভাপতি হতে পারেন না।

জাতীয় সংসদে মন্ত্রণালয় বর্হিভূত ১১টি স্থায়ী কমিটি গঠনের বিধান রয়েছে। এ সকল স্থায়ী কমিটিসমূহের মধ্যে ৭টি স্থায়ী কমিটি সংসদের অভ্যন্তরীণ বিষয় ও কার্য পদ্ধতি সম্পর্কিত বিষয়াদি দেখা-শুনা করে, ১টি স্থায়ী কমিটি মন্ত্রী কর্তৃক সংসদে প্রদত্ত প্রতিশ্রুতির তদারকি করে এবং অর্থ সম্পর্কিত ৩টি স্থায়ী কমিটি সরকারী অর্থ ব্যয়ের ক্ষেত্রে অনিয়ম ও অপচয় উদঘাটন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ পেশ করে থাকে। অর্থসম্পর্কিত স্থায়ী কমিটিগুলোকে আর্থিক বিষয়ে সরকারের জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য যথেষ্ট দায়িত্ব ও ক্ষমতা প্রদান করা হয়েছে। এই তিনটি কমিটির মধ্যে সরকারী হিসাব কমিটি মহা হিসাব নিরীক্ষকের অডিট রিপোর্টের উপর ভিত্তি করে সরকারের আর্থিক অনিয়ম ও ত্রুটি-বিচ্যুতি পরীক্ষা করে তা' প্রতিকারের জন্য প্রয়োজনীয় সুপারিশসহ সংসদে রিপোর্ট পেশ করে। সংবিধান জাতীয় সংসদকে সরকারী হিসাব কমিটি গঠনের উপর বাধ্য-বাধকতা আরোপ করেছে। বিগত বছর গুলোতে সরকারের আর্থিক বিষয়ে জবাবদিহিতা আনয়নের জন্য বিভিন্ন ধরনের ইতিবাচক পদক্ষেপ গ্রহণে সমর্থ হয়েছে।

টেবিল ৪: বাংলাদেশ জাতীয় সংসদের কমিটিসমূহ

| কমিটির নাম   | সদস্যদের সংখ্যা        | বিশেষ বিধান                                      | বিধি         | নিয়োগের ধরণ          |
|--|------------------------|--|--------------|-----------------------|
| কার্যউপদেষ্টা কমিটি  | অনধিক ১৫               | স্পীকার পদাধিকার বলে সভাপতি                      | ২১৯-২২১      | স্পীকার কর্তৃক মনোনীত |
| বেসরকারী সদস্যদের বিল এবং বেসরকারী সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব সম্পর্কিত কমিটি | অনধিক ১০               | বেসরকারী বিলকে ক ও খ শ্রেণীতে ভাগ করা            | ২২২-২২৪      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| কার্যপ্রণালী- বিধি সম্পর্কিত স্থায়ী কমিটি                                     | ১২                     | স্পীকার পদাধিকার বলে সভাপতি                      | ২৬৩-২৬৫      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| সংসদ কমিটি   | অনধিক ১২               | আবাসিক সাব-কমিটি গঠন বাধ্যতামূলক                 | ২৪৯-২৫৬      | স্পীকার কর্তৃক মনোনীত |
| লাইব্রেরী কমিটি  | ১০                     | ডেপুটি স্পীকার পদাধিকার বলে সভাপতি               | ২৫৭-২৫৮, ২৬২ | স্পীকার কর্তৃক মনোনীত |
| পিটিশন কমিটি   | অন্যূন ১০              | মন্ত্রী সদস্য হতে পারবেন না                      | ২৩১-২৩২      | স্পীকার কর্তৃক মনোনীত |
| বিশেষ অধিকার সম্পর্কিত স্থায়ী কমিটি   | অনধিক ১০               | সংসদের ১ম অধিবেশনে গঠন করতে হবে                  | ২৪০-২৪৩      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি   | অনধিক ১৫               | মন্ত্রী সদস্য হতে পারবেন না                      | ২৩৩-২৩৪      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| সরকারী প্রতিষ্ঠান কমিটি  | অনধিক ১০               | মন্ত্রী সদস্য হতে পারবেন না                      | ২৩৮-২৩৯      | সংসদ কর্তৃক নির্বাচিত |
| অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি   | অনধিক ১০               | মন্ত্রী সদস্য হতে পারবেন না                      | ২৩৫-২৩৭      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| সরকারী প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি   | অনধিক ৮                | মন্ত্রী কর্তৃক সংসদে প্রদত্ত প্রতিশ্রুতি বিবেচনা | ২৪৪-২৪৫      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি (৪০টি)                                     | অনধিক ১০ (প্রতি কমিটি) | প্রতি মাসে অন্তত একটি বৈঠক অনুষ্ঠান              | ২৪৬-২৪৮      | সংসদ কর্তৃক নিয়োগকৃত |

লোক-প্রশাসন সাময়িকী, সংখ্যা ৬৮, ২০১৮ খ্রিস্টাব্দ/ ১৪২৫ বঙ্গাব্দ, পৃষ্ঠা ৩৫-৪৯

|                           |                                 |   |         |                       |
|---------------------------|---------------------------------|---|---------|-----------------------|
| বিল সম্পর্কিত বাছাই কমিটি | সংসদে প্রস্তাব দ্বারা নির্ধারিত | রিপোর্ট গেজেটে প্রকাশ বাধ্যতামূলক                                       | ২২৫-২৩০ | সংসদ কর্তৃক নিয়োগকৃত |
| বিশেষ কমিটি               | সংসদে প্রস্তাব দ্বারা নির্ধারিত | সংসদে গৃহীত প্রস্তাব অনুযায়ী গঠন, কার্যকাল ও কার্যপরিধি নির্ধারিত হয়। | ২৬৬     | সংসদ কর্তৃক নিয়োগকৃত |

উৎস: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা, ২০০৭।

### নবম জাতীয় সংসদে কমিটির কার্যক্রম

নবম জাতীয় সংসদের প্রথম অধিবেশনেই স্থায়ী কমিটিগুলো গঠন করা হয়েছিল এবং পরবর্তীতে কিছু কমিটি পুনর্গঠন করা হয়েছিল। বিরোধীদল থেকে তিনজনকে ৩টি কমিটির সভাপতি হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছিল, এর মধ্যে বি.এন.পি থেকে ২ জন এবং ওয়ার্কাস পার্টি থেকে ১জন। সপ্তম জাতীয় সংসদ থেকে এই ধরনের ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা যায়; সে সময় দ্বিতীয় বৃহত্তম বিরোধী দল (সরকারী দলের শরিক দল) থেকে একজন একটি স্থায়ী কমিটির সভাপতি হিসেবে নিযুক্ত হয়েছিল। তবে, ৮ম জাতীয় সংসদে বিরোধী দলীয় কোন সদস্য স্থায়ী কমিটির সভাপতি হিসেবে নিযুক্ত হননি। নবম সংসদের প্রথম অধিবেশনে মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসহ সর্বমোট ৪৮টি কমিটি গঠন করা হয়েছিল। কমিটি গঠনকালে প্রধান বিরোধী দলের (বিএনপি) সংসদ সদস্যদের জন্য ১টি এবং সংরক্ষিত মহিলা আসনে নির্বাচিত হবেন এরকম সংসদ সদস্যগণের জন্য ১টি করে প্রত্যেক কমিটিতে মোট দু'টি করে সদস্যপদ খালি রাখা হয়েছিল। সংরক্ষিত মহিলা আসনে নির্বাচন অনুষ্ঠান এবং প্রধান বিরোধী দল (বিএনপি) নিকট থেকে সদস্যগণের নাম পাবার পর স্থায়ী কমিটিসমূহ পূর্ণগঠন করা হয়। বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক মোট ১৮৩ টি উপ-কমিটি গঠিত হয়েছিল এবং এই সকল উপ-কমিটিগুলোর মোট ৬৩৩ টি সভা অনুষ্ঠিত হয়েছিল।

### টেবিল ৫: বাংলাদেশ জাতীয় সংসদে কমিটিসমূহের কার্যাবলী (১৯৯১-২০১৩)

|   | ৫ম সংসদ | ৭ম সংসদ | ৮ম সংসদ | ৯ম সংসদ |
|---|---------|---------|---------|---------|
| মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি                         | ৩৫      | ৩৫      | ৩৭      | ৪০      |
| সংসদের স্থায়ী কমিটি  | ১১      | ১১      | ১১      | ১১      |
| সাব-কমিটিসমূহ   | ৫৩      | ১১৯     | ১৩৪     | ১৮৩     |
| বিশেষ কমিটি   | ৫       | ১       | ০       | ২       |
| অনুসন্ধান কমিটি   | -       | -       | -       | ১       |
| স্থায়ী কমিটিসমূহের অনুষ্ঠিত মোট সভার সংখ্যা                | ১৪৬৫    | ১৪৯৩    | ১২৪২    | ১৯৬২    |
| মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির রিপোর্ট প্রদান         | ১৩      | ১২      | ৩৪      | ৭৭      |
| সংসদের স্থায়ী কমিটির রিপোর্ট প্রদান                        | ২৮      | ১৬      | ১৩      | ২৪      |
| মোট রিপোর্ট প্রদান  | ৪১      | ২৮      | ৪৭      | ১০১     |
| রিপোর্ট প্রদান করেনি ( মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি) | ২২      | ২৩      | ৫       | ৩       |
| রিপোর্ট প্রদান করেনি (সংসদের স্থায়ী কমিটি)                 | ৪       | ৬       | ৪       | ৪       |

উৎস: ৫ম, ৭ম, ৮ম ও ৯ম জাতীয় সংসদের কার্যবাহের সারাংশ ও কমিটি প্রতিবেদনের ভিত্তিতে লেখক কর্তৃক প্রস্তুত

### ক. অস্থায়ী কমিটিসমূহের কার্যক্রম

নবম জাতীয় সংসদে ৩টি অস্থায়ী কমিটি গঠিত হয়েছিল। এর মধ্যে একটি তদন্ত কমিটি এবং অপর দুটি ছিল বিশেষ কমিটি। সংসদের প্রথম অধিবেশনে পূর্ববর্তী (৮ম সংসদ) সংসদের স্পীকার ব্যারিস্টার মুহম্মদ জমির উদ্দিন সরকারের বিরুদ্ধে আর্থিক দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, সরকারী অর্থ অপচয়ের অভিযোগ এবং একই সাথে সংসদ সচিবালয়ের উক্ত দুর্নীতি, অনিয়ম ও সরকারী অর্থ অপচয়ের

বাংলাদেশে সংসদীয় তদারকি ব্যবস্থার পর্যালোচনা



সাথে জড়িত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা এবং এছাড়া ৭ম জাতীয় সংসদের (১২-০৭-২০০১ থেকে ২৮-১০-২০০১) স্পীকার হিসেবে দায়িত্ব পালনকালে বর্তমান সংসদের মাননীয় স্পীকার জনাব মোঃ আবদুল হামিদ যদি কোন অনিয়ম, ক্ষমতার অপব্যবহার ও সরকারি অর্থের অপচয় করে থাকেন সে বিষয়ে তদন্ত করার লক্ষ্যে সরকারী ও বিরোধী দলের ১১ জন সংসদ সদস্যকে নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। এ কমিটি ২০০১ সালের সপ্তম সংসদের স্পীকার এ্যাডভোকেট হামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার জন্যও দায়িত্ব প্রাপ্ত হয়েছিল। কমিটিকে এক মাসের মধ্যে সংসদে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছিল। কিন্তু কমিটির অনুরোধে প্রতিবেদনের সময় বৃদ্ধি করা হয়েছিল। এ কমিটি ২০০৯ সালের ৯ জুলাই সংসদে প্রতিবেদনটি পেশ করে।

নবম জাতীয় সংসদ গঠনের প্রাক্কালে সংবিধানের ৯৩ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক জারিকৃত ১২২টি অধ্যাদেশ সংবিধানের শর্তানুযায়ী সংসদের প্রথম অধিবেশনে ২৫ জানুয়ারী ২০০৯ তারিখের বৈঠকে পুনরায় বিল আকারে পেশ করা হয়। মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসমূহ গঠিত না হওয়া পর্যন্ত সংসদে উত্থাপিত বিলসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে রিপোর্ট প্রদানের জন্য ২৮ জানুয়ারী ২০০৯ তারিখে অনুষ্ঠিত সংসদের বৈঠকে আলহাজ্ব এডভোকেট মোঃ রহমত আলীকে প্রধান করে সরকার ও বিরোধী দলের ১৫ সদস্য বিশিষ্ট একটি বিশেষ কমিটি গঠন করা হয়। কমিটি মোট ৪টি বৈঠকে মিলিত হয়ে ১২২টি অধ্যাদেশ পর্যালোচনা করে ৩০টি অধ্যাদেশ আইন আকারে অনুমোদন, ৩৯ টি বাতিল এবং অবশিষ্ট ৫৩টি অধ্যাদেশের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সংসদে (হাউজ) প্রেরণ করার সুপারিশ করে সংসদে ২০০৯ সালের ১৭ ফেব্রুয়ারী তারিখে সংসদে প্রতিবেদন পেশ করে। উক্ত প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে ১২২টি অধ্যাদেশের মধ্যে থেকে ৫৪টি অধ্যাদেশ আইনে পরিণত করা হয়।

বাংলাদেশের সংবিধান সংশোধনের লক্ষ্যে সংবিধান সংশোধন বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে সংসদে রিপোর্ট প্রদানের জন্য ২০১০ সালের ২১ জুলাই কার্যপ্রণালী বিধির ২৬৬ বিধি মোতাবেক দ্বিতীয় বিশেষ কমিটি গঠন করা হয়। সংসদের উপ-নেতা সৈয়দা সাজেদা চৌধুরিকে কমিটির সভাপতি এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুরঞ্জিত সেনগুপ্তকে কমিটির সহ-সভাপতি কওে আওয়ামী লীগ, জাতীয় পার্টি, ওয়ার্কাস পার্টি এবং জাতীয় সমাজতান্ত্রিক দলের মোট ১৫জন সংসদ সদস্য এ বিশেষ কমিটি (সর্বদলীয় সংসদীয় কমিটি) গঠন করা হয়েছিল। কমিটি তার দশ মাসের কার্যকালে মোট ২৭টি সভা অনুষ্ঠান করে; এর মধ্যে বিভিন্ন সভায় কমিটির আমন্ত্রণে সাবেক ৫জন প্রধান বিচারপতি, ১৮ জন প্রখ্যাত আইন ও সংবিধান বিশেষজ্ঞ, দেশের প্রথিতযশা ২৬ জন বুদ্ধিজীবী, দেশের দৈনিক পত্রিকাসমূহের বরণ্য ২৬ জন সম্পাদক, সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দলসমূহের শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দ এবং বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সম্মানিত সেক্টর কমান্ডারগণকে কমিটির বৈঠকে উপস্থিত হয়ে তাদের মতামত প্রদান করেছিলেন। কমিটি ৫১টি সুপারিশসহ যে প্রতিবেদন তৈরী করেছিল তার মধ্যে ৩টি বিষয়ে মতনৈক্য তৈরী হয়েছিল- সংবিধানের মুখবন্ধে ‘বিস্মিল্লাহির রাহমানির রাহিম’ এর বঙ্গানুবাদ (দয়াময়, পরম দয়ালু, আল্লাহর নামে, পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে) পূর্ণবহাল রাখা, রাষ্ট্র ধর্ম ইসলাম এবং ধর্মভিত্তিক রাজনীতিকে নিষিদ্ধ না করায় গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে বিশেষ কমিটির দুজন সদস্য- বাংলাদেশ ওয়ার্কাস পার্টির রাশেদ খান মেনন এবং জাতীয় সমাজতান্ত্রিক দলের হাসানুল হক ইনু তাদের দ্বিমতের কথা রেকর্ডভুক্ত করেন। বিশেষ কমিটির প্রতিবেদনের ভিত্তিতে ২০১১ সালের ২৫জুন “সংবিধান বিল- ২০১১” (পঞ্চদশ সংশোধনী) সংসদে উত্থাপন করা হয় এবং একই দিনে বিলটি সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে প্রেরণ করা হয়। প্রধান বিরোধীদলের অনুপস্থিতিতে ৩০ জুন ২০১১ তারিখে বিভক্তি ভোটের মাধ্যমে (২৯১/১) সংসদে বিলটি পাস হয়। জাতীয় পার্টি, ওয়ার্কাস পার্টি এবং জাতীয় সমাজতান্ত্রিক দলের মোট ৫ জন সংসদ সদস্য বিলটি সংশোধনের জন্য প্রস্তাব পেশ করেন। কিন্তু সেগুলো কণ্ঠ ভোটে নাকচ হয়ে যায়। বিলের উপর ভোট গ্রহণের শুরুতে এই পাঁচজন সংসদ সদস্য ভোটদানে বিরত থাকলেও পরবর্তীতে তারা বিলের পক্ষে ভোট প্রদান করেছিলেন (বাংলাদেশ জাতীয় সংসদ, ২০১৪)।

#### খ. সংসদীয় স্থায়ী কমিটির কার্যক্রম

সংসদে রিপোর্ট পেশ এবং সভা অনুষ্ঠানের দিক থেকে নবম জাতীয় সংসদের স্থায়ী কমিটিগুলো পূর্বের অন্যান্য সংসদীয় কমিটির তুলনায় অধিকতর সক্রিয় ছিল বলে প্রতিয়মান হয়েছে। যেমন মন্ত্রণালয় সম্পর্কিত ৩৭টি স্থায়ী কমিটি এবং ৭টি সংসদীয় স্থায়ী কমিটি সংসদে মোট ১০১টি প্রতিবেদন দাখিল করেছিল। অবশিষ্ট স্থায়ী কমিটিগুলো প্রতিবেদন দাখিল করতে পারেনি। স্থায়ী কমিটিগুলো

সর্বমোট ২০১৫টি সভায় মিলিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মোট ১৬,৩৯৮টি সুপারিশ/ সিদ্ধান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করেছিল।

সংসদীয় স্থায়ী কমিটিগুলোর মধ্যে সরকারি প্রতিষ্ঠান সমূহের আর্থিক কার্যক্রম তদারকির ক্ষেত্রে সরকারি হিসাব কমিটিকে খুবই সক্রিয় দেখা গেছে। স্বাধীনতার পর থেকে মোট ৮২২ টি নিরীক্ষা প্রতিবেদন সংসদে উপস্থাপন করা হয়েছিল, এর মধ্যে ৮ম সংসদ পর্যন্ত ৩৩২টি নিরীক্ষা প্রতিবেদন কমিটিতে আলোচিত হয়েছে এবং অবশিষ্ট ৪৯০টি প্রতিবেদন আলোচনার অপেক্ষায় ছিল। এছাড়া, ২০১৩ সালের জানুয়ারী পর্যন্ত আরো ১৫৮টি নিরীক্ষা প্রতিবেদন সংসদে পেশ করা হয়েছিল। ফলে অনালোচিত নিরীক্ষা প্রতিবেদনের সংখ্যা দাঁড়ায় ৬৪৮টি। সরকারী হিসাব কমিটি ১৮ ফেব্রুয়ারী ২০০৯ থেকে ১৯ সেপ্টেম্বর ২০১৩ সাল পর্যন্ত মোট ৫৭০টি নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে ১৫০.৯৬ বিলিয়ন টাকার ৪১১৩টি অডিট আপত্তির নিষ্পত্তি করে। উল্লেখ্য যে, সরকারী হিসাব কমিটি ৬৭৪০টি অডিট আপত্তি আলোচনা ও পরীক্ষা করেছে। নবম সংসদে সরকারী হিসাব কমিটি মোট ১২৯ টি সভা এবং ৪টি উপকমিটির ১২৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। নবম সংসদের শুরু থেকে শেষ পর্যন্ত সরকারী হিসাব কমিটি এককভাবে ৫৭০টি নিরীক্ষা প্রতিবেদন আলোচনা করেছে।

একইভাবে, অপর দুটি অর্থ বিষয়ক কমিটি- সরকারী প্রতিষ্ঠান কমিটি ও অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি বিভিন্ন আর্থিক বিষয়াদি তদারকির ক্ষেত্রে সক্রিয় ছিল। সরকারী প্রতিষ্ঠান কমিটির ৯১টি সভা অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন রাত্ত্রায়ত্ব প্রতিষ্ঠানের আর্থিক অব্যবস্থাপনা পরীক্ষা করে রিপোর্ট প্রদানের জন্য ৪টি উপ-কমিটি গঠন করা হয়েছিল। সরকারী প্রতিষ্ঠান কমিটি এই সমস্ত প্রতিষ্ঠানের আর্থিক নীতি, শৃঙ্খলা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সরকারী অর্থব্যয়ের ক্ষেত্রে বিদ্যমান আইন অনুসরণের জন্য উপদেশ দিয়েছে। এই কমিটি সরকারী প্রতিষ্ঠানগুলোর গতিশীলতা আনয়নের জন্য নিরীক্ষা পদ্ধতিকে আরো গতিশীল করার প্রস্তাব দেয়। আর্থিক অব্যবস্থাপনার বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য কয়েকটি প্রতিষ্ঠানের পরিচালনা পর্যদসহ উচ্চপদস্থ কর্মকর্তাদের কমিটির সভায় ঢেকে পাঠানো হয়েছিল।

সরকারী প্রতিশ্রুতি কমিটি পঞ্চম জাতীয় সংসদ হতে সংসদে প্রদত্ত সরকারী প্রতিশ্রুতি বাস্তবায়নে মন্ত্রণালয় সমূহের দক্ষতা নিরীক্ষার জন্য একটি নতুন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করে। নবম সংসদের সরকারী প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি পূর্বের তুলনায় অধিক সংখ্যক সভা অনুষ্ঠান এবং সংসদে কমিটির কাজের উপর প্রতিবেদন পেশ করেছিল। সরকারি প্রতিশ্রুতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয় সমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সংসদে প্রদত্ত প্রতিশ্রুতিসমূহ সন্মুখিত করে প্রতি তিন মাস অন্তর অন্তর কমিটিতে প্রতিবেদন পেশ করেছে। এই সকল প্রতিবেদনের উপর ভিত্তি করে সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের কাজের দক্ষতা এবং প্রদত্ত প্রতিশ্রুতি ও বাস্তবায়ন- এই দুইয়ের মধ্যকার পার্থক্য নিরূপণ করতে সক্ষম হয়েছিল।

সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটির সাম্প্রতিক প্রতিবেদনে দেখা যায় যে, নবম জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী মোট ৭০টি প্রতিশ্রুতি এবং বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতি-মন্ত্রীগণ সংসদে মোট ৬৪৬টি প্রতিশ্রুতি প্রদান করেছিলেন। প্রদত্ত প্রতিশ্রুতির মধ্যে ২০৮টি বাস্তবায়িত হয়েছে, আর অবশিষ্টগুলোর মধ্যে কিছু সংখ্যক আংশিকভাবে বাস্তবায়িত হয়েছে আর কিছু বাস্তবায়নাধীন রয়েছে। প্রাপ্ত পরিসংখ্যান অনুযায়ী, প্রধানমন্ত্রীর দেয়া প্রতিশ্রুতির মধ্যে ৬৪.২৮% বাস্তবায়িত হয়েছে, ৩% প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়নি, আর অবশিষ্ট প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নাধীন ছিল। প্রতিবেদন থেকে দেখা যায় যে, বিভিন্ন মন্ত্রীগণের দেয়া প্রতিশ্রুতির মধ্যে ৩২.১৯% বাস্তবায়িত হয়েছে, ৮% আংশিকভাবে বাস্তবায়িত হয়েছে, ২৯% প্রতিশ্রুতি বাস্তবায়নাধীন ছিল, ২২% বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন কিন্তু অবশিষ্ট প্রতিশ্রুতিগুলো বাস্তবায়িত হয়নি।

UNDP এর IPD প্রকল্পের কারিগরী সহায়তায় সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি প্রথমবারের মত ২০১২-১৩ সালের জন্য বার্ষিক কর্মপরিকল্পনার কাঠামো প্রস্তুত করেছে। এই কর্মপরিকল্পনার উপর ভিত্তি করে কমিটি সংসদে প্রদত্ত ১৯টি মন্ত্রণালয়ের প্রতিশ্রুতি

পর্যালোচনা করেছে এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে এই বিষয়ে তাদের বক্তব্য প্রদানের জন্য কমিটিতে তলব করেছিল। ২০১২ সাল থেকে IPD প্রকল্পের সহায়তায় কমিটি তুলনামূলকভাবে সক্রিয় হয়ে উঠে এবং সংসদের তদারকি কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

সংসদীয় স্থায়ী কমিটিগুলোর মধ্যে পিটিশন কমিটি, বিশেষ অধিকার সম্পর্কিত স্থায়ী কমিটি এবং কার্য-প্রণালী বিধি সম্পর্কিত স্থায়ী কমিটি নিষ্ক্রিয় ছিল; সংসদের মেয়াদকালে এই সকল কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি। সংসদীয় কমিটির কর্মকর্তাদের সাথে আলোচনার প্রেক্ষিতে প্রতীয়মান হয়েছে যে, পিটিশন কমিটির কার্যপরিধি সম্পর্কে জনগণের কাছে প্রচার না থাকায় তারা তাদের অভিযোগ নিয়ে পিটিশন কমিটির কাছে আসেন না। নবম সংসদে পিটিশন কমিটিতে মোট ১২টি পিটিশন জমা হয়েছিল। এগুলোর মধ্যে ২০১০ সালে ১১টি এবং ২০১১ সালে ১টি জমা প্রদান করা হয়েছিল। কিন্তু পিটিশনগুলো সংসদীয় বিধি অনুযায়ী জমা প্রদান না করার কারণে এই সকল আবেদনের বিষয়ে কোন বিবেচনা করার উদ্যোগ নেয়া হয়নি। যার ফলে নবম সংসদের সময়কালে পিটিশন কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি। জানা যায় যে, বিগত সংসদগুলোতেও এই কমিটি সক্রিয় ছিল না। পঞ্চম সংসদের পিটিশন কমিটি ২৭টি সভা অনুষ্ঠান করে ২টি প্রতিবেদন পেশ করেছিল, ৭ম ও ৮ম সংসদে পিটিশন কমিটি যথাক্রমে ১০টি ও ২টি সভা করে একটি করে প্রতিবেদন পেশ করেছিল।

### গ. মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যক্রম

নবম সংসদে মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসমূহ সরকারী বিল পরীক্ষা-নিরীক্ষা করা এবং মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলী তদারকি করার ক্ষেত্রে সক্রিয় ছিল। অধিকাংশ স্থায়ী কমিটি পর্যবেক্ষণসহ ও সুপারিশসহ সংসদে প্রতিবেদন পেশ করেছে। বিভিন্ন সরকারী বিভাগসমূহের বিরুদ্ধে আনিত অনিয়ম ও অব্যবস্থাপনা তদন্ত করে রিপোর্ট প্রদানের জন্য মূল কমিটি কর্তৃক একাধিক উপ-কমিটি গঠন করা হয়েছিল। শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি এবং শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি সংসদে কার্যপ্রণালী বিধির ২০৮ বিধি অনুযায়ী বিশেষ প্রতিবেদন পেশ করেছে। এই বিধি অনুসারে কমিটির বিবেচনাধীনে কোন বিষয়ের সাথে প্রত্যক্ষভাবে জড়িত না হলে, কিংবা কমিটির আওতাধীন না হলে, কিংবা আনুষঙ্গিকভাবে সংশ্লিষ্ট না হলেও কমিটি যদি মনে করেন যে, তার কার্যকালের সময় এমন সকল বিষয়ের উদ্ভব হয়েছে বা প্রকাশ পেয়েছে, যা সংসদের গোচরীভূত হওয়া প্রয়োজন, অনুরূপ ক্ষেত্রে কমিটি বিশেষ রিপোর্ট প্রস্তুত করতে পারে।

নবম জাতীয় সংসদে মন্ত্রণালয় সম্পর্কিত ৪০টি স্থায়ী কমিটি গঠন করা হয়েছিল। এর মধ্যে জন প্রশাসন মন্ত্রণালয়, রেলওয়ে মন্ত্রণালয় ও স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসমূহ সংসদে কোন প্রতিবেদন প্রদান করেনি। তবে সকল কমিটি নিয়মিত বৈঠক অনুষ্ঠান করেছে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে তাদের সুপারিশসমূহকে প্রেরণ করেছে। কিন্তু সংসদীয় কমিটি থেকে মন্ত্রণালয়ে প্রেরিত সুপারিশের প্রেক্ষিতে কি ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে এই সম্পর্কিত কোন তথ্য সংরক্ষণের ব্যবস্থা নেই।

নবম জাতীয় সংসদে স্থায়ী কমিটিগুলো তাদের কার্যক্রম সম্পর্কে জনগণের সাথে সংযোগ রক্ষায় সক্রিয় হয়েছিল। এর জন্য স্থায়ী কমিটিসমূহ স্থানীয় এলাকা পরিদর্শন এবং গণশুনানির মাধ্যমে জনগণের সমস্যা জানা অথবা জনগণের সাথে পরামর্শ কর্মসূচির মতো উদ্যোগ ও বাস্তবায়ন করেছে। যদিও, কার্য প্রণালী বিধিতে গণশুনানির সুযোগ না থাকা সত্ত্বেও কমিটির সদস্যগণ গুরুত্ব বিল, সরকারের নীতি, বাজেট এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগের কাজের অবস্থা জানার জন্য গণশুনানীর মাধ্যমে জনগণের সাথে মতবিনিময় করার বিষয়ে আগ্রহী ছিলেন। প্রথমবারের মতো দ্য এশিয়া ফাউন্ডেশনের তত্ত্বাবধানে পরিচালিত PRODIP প্রকল্পের মাধ্যমে মন্ত্রণালয় সম্পর্কিত ৭টি স্থায়ী কমিটি বাংলাদেশের বিভিন্ন জায়গায় গণশুনানীর আয়োজন করেছে, অপরদিকে IPD প্রকল্পের সহায়তায় মন্ত্রণালয় সম্পর্কিত দুটি স্থায়ী কমিটি গণ-পরামর্শ সভার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে মতবিনিময় করে (PRODIP, n.d.)। সংসদীয় কার্যক্রমের সাথে জনগণকে পরিচিত করে তোলা এবং জনগণের মতামতকে সংসদীয় নীতি নির্ধারণে গুরুত্বসহকারে বিবেচনা করার অভিপ্রায় থেকে এই সকল গণশুনানীর আয়োজন করা হয়েছে।

কিছু স্থায়ী কমিটি যেমন সরকারী প্রতিষ্ঠান কমিটি, সরকারী প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসমূহ বিভিন্ন অনিয়ম ও অব্যবস্থাপনা তদন্ত, সংশ্লিষ্ট বিষয়ের উপর সরাসরি পর্যবেক্ষণের মাধ্যমে তথ্য সংগ্রহ এবং জনগণের জন্য প্রদত্ত সেবার মান বৃদ্ধির উপায় নিরূপণ করার জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ভ্রমণ করে সংসদে সুপারিশসহ তাদের প্রতিবেদন পেশ করেছেন।

### উপসংহার

নির্বাহী বিভাগের কার্যক্রম তদারকি করবার ক্ষেত্রে কৌশল পর্যালোচনায় দেখা যায় যে, একক কৌশল সমূহের মধ্যে প্রশ্ন-উত্তর পর্বে সরকারের কার্যক্রমের উপর বিরোধী দলীয় সংসদ-সদস্যগণ সমালোচনার সুযোগ গ্রহণ করলেও দলীয় নেতৃত্বের প্রতি প্রবল আনগত্য প্রদর্শনের কারণে সরকার দলীয় সংসদ-সদস্যগণ সরকারের কার্যক্রমের তদারকির চেয়ে সরকারের কাজের সাফল্য তুলে ধরা এবং বিরোধী দলের সমালোচনায় অধিক আগ্রহী। প্রশ্ন-উত্তর ব্যতীত জরুরি জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ করে আনীত নোটিশের উপর আলোচনা অনুষ্ঠান ও সংসদ সদস্য কর্তৃক দুই মিনিটের বিবৃতি প্রদান, জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে কার্য-প্রণালী বিধির ৩০০ বিধি অনুযায়ী মন্ত্রীদের বিবৃতি প্রদান লক্ষ্যীয়, এছাড়া অন্যান্য কৌশল সমূহের ব্যবহার লক্ষ্য করা যায়নি। তবে সরকারের কার্যক্রম তদারকি করবার ক্ষেত্রে সংসদীয় কমিটি সমূহ বিশেষভাবে মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসমূহ এবং সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি ও প্রতিশ্রুতি কমিটির সক্রিয়তা লক্ষ্য করা গেছে। জাতীয় সংসদকে আরো প্রাণবন্ত ও কার্যকর করার জন্য সংবিধান অনুযায়ী শাসন বিভাগ ও জাতীয় সংসদের ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠা এবং সংসদ সদস্যদেরকে তদারকী কার্যক্রমে অংশগ্রহণে দলীয় নিয়ন্ত্রণ শিথিলকরণে রাজনৈতিক দলসমূহকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

তথ্যসূত্র:

- Ahmed, N 2002, *The Parliament of Bangladesh*, Aldershot: Ashgate Publishing Limited, p.111.
- Copeland, G and Patterson, S 1994, “Parliaments in the Twenty-first Century”, Copeland, G and Patterson, S (eds.), *Parliaments in the Modern World*, Ann Arbor: Michigan University Press, p.10-11.
- বাংলাদেশ জাতীয় সংসদ (২০১৪, বাংলাদেশের নবম জাতীয় সংসদের পঞ্চম অধিবেশনের কার্যবাহের সারাংশ, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, জুলাই ২০১০। কমিটির কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন, Peter Lilienfeld and K. M. Mahiuddin, *End of Term Report on 9th Parliament of Bangladesh*, Dhaka: Bangladesh Parliament Secretariat and IPD Project, Unpublished report, 2014.
- বাংলাদেশ জাতীয় সংসদ ২০১৫: হ্যান্ডবুক, ঢাকা: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ২০১৫, পৃ, ৪৭।
- Lilienfeld, P and Mahiuddin, K M 2014, *End of Term Report on 9th Parliament of Bangladesh*, Dhaka: Bangladesh Parliament Secretariat and IPD Project, unpublished report.
- Longley, LD and Davidson, RH 1998, 'Parliamentary Committees: Changing Perspectives on Changing Institutions', in Longley, Lawrence D. and Davidson, Roger H. (eds.), *The New Roles of Parliamentary Committees*, London or Portland: Frank Cass, p.5.
- Martin, S and Depauw, S 2009, 'Parliamentary Committees and Multi-Party Government', paper presented on ECPR Joint Sessions in Lisbon, 14-19 April, retrieved from <https://ecpr.eu/Filestore/PaperProposal/cec5f1c2-deb2-41b4-8dd4-9a89cc4001fc.pdf> on 8 April 2019
- Mezey, ML 1995, 'Parliament in the New Europe', in J. Hayward and E. Page (eds.), *Governing the New Europe*, Cambridge: Polity, p. 196.
- PRODIP n.d. প্রকল্পের সহায়তায় কৃষি মন্ত্রণালয়, মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, শ্রম ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সমাজ কল্যাণ বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ ও জ্বালানী বিষয়ক মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি গণশুনানীর আয়োজন করেছে।
- Susan R Benda, Koen, Yves M 1990, *Government and Politics in Western Europe*, Oxford: Oxford University Press, p.181.
- The Norton Commission, *Strengthen Parliament*, Study Report submitted in July 2000 to the British Parliament, p. 10.
- বাংলাদেশ জাতীয় সংসদ ২০১৮, বাংলাদেশের নবম জাতীয় সংসদের ১ম-১৯তম অধিবেশনের কার্যবাহের সারাংশ, ঢাকা: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।
- Wheare, KC1963, *Legislatures*, London: Oxford University Press, p.114.
- Yamamoto, H. (2007), *Tools for parliamentary oversight A comparative study of 88 national parliaments*, Geneva: Inter-Parliamentary Union, PP. 39-43.

## সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

জিল্লুর রহমান পল্ল

সার-সংক্ষেপ

সরকারের সাংবিধানিক অঙ্গিকার হলো দেশের প্রান্তিক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমানের সার্বিক উন্নয়ন সাধন। অর্থাৎ, সামাজিক নিরাপত্তার বিধান করা সরকারের অন্যতম মৌলিক দায়িত্ব। স্বাধীনতার পর থেকেই এদেশে সামাজিক নিরাপত্তা কর্মসূচির প্রবর্তন করা হয়। এর অংশ হিসেবে প্রতিবছর বাজেটে এক বিশাল অঙ্কের অর্থ বরাদ্দ দেয়া হয়। ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে জিডিপি এর প্রায় ২.৩১ শতাংশ অর্থ অর্থাৎ ৪৫,২৩০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এ অর্থে সরকারের ১৪৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এসব কর্মসূচির সফল বাস্তবায়নে সরকার জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র ২০১৫ প্রণয়ন করেছে। কিন্তু মাঠ পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের বাস্তবায়নে অনেক চ্যালেঞ্জ পরিলক্ষিত হয়। বার্ড, কুমিল্লার মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ), ঢাকা উদ্যোগে অনুষ্ঠিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে সামাজিক সুরক্ষা কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক সিরিজ প্রশিক্ষণে অংশগ্রহণকারী ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও সচিবগণের সাথে দলীয় আলোচনার (Group Discussion) ভিত্তিতে ৪২টি চ্যালেঞ্জ চিহ্নিত করা হয়েছে। এসবের সামাধানকল্পে ৩০টি সুপারিশও প্রণয়ন করা হয়। এসব চ্যালেঞ্জের অধিকাংশ হলো ত্রুটিপূর্ণ সুফলভোগী নির্বাচন, অপ্রতুল বরাদ্দ এবং রাজনৈতিক প্রভাবের সাথে সম্পর্কিত। চ্যালেঞ্জসমূহের নিরসনকল্পে ডিজিটাল তথ্যভান্ডার প্রণয়নপূর্বক বিধি অনুযায়ী সুফলভোগীর তালিকা করা সম্ভব হলে সামাজিক নিরাপত্তা কর্মসূচি আরো কার্যকরভাবে দারিদ্র্য হ্রাসকরণ কার্যক্রমে ভূমিকা রাখতে পারবে বলে প্রতীয়মান হয়। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে এটি একটি অন্যতম সহায়ক হিসেবে কাজ করবে।

### ভূমিকা

১৯৭১ সালে বিভিন্ন প্রতিকূলতা নিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অভ্যুদয় ঘটেছিল। সে সময় দারিদ্র্যের হার ছিল প্রায় ৭০ ভাগ। কিন্তু স্বাধীনতার প্রায় চার দশক পরে বাংলাদেশ কতিপয় সামাজিক ক্ষেত্রে এক ভিন্ন মাত্রার সফল দেশ হিসেবে আত্মপ্রকাশ করেছে। এর সঠিক দিক নির্দেশনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে সংবিধানের মাধ্যমেই প্রদান করেছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ নং অনুচ্ছেদে রয়েছে, “রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদনশক্তির ক্রমবৃদ্ধিসাধন এবং জনগণের জীবনযাত্রার বস্ত্তগত ও সংস্কৃতিগত মানের দৃঢ় উন্নতিসাধন, যাতে নাগরিকদের জন্য নিশ্চলিত বিষয়সমূহ অর্জন নিশ্চিত করা যায়:

- (ক) অনু, বস্ত্ত, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা;
- (খ) কর্মের অধিকার, অর্থাৎ কর্মের গুণ ও পরিমাণ বিবেচনা করিয়া যুক্তিসঙ্গত মজুরীর বিনিময়ে কর্মসংস্থানের নিশ্চয়তার অধিকার;
- (গ) যুক্তিসঙ্গত বিশ্রাম, বিনোদন ও অবকাশের অধিকার; এবং
- (ঘ) সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ষিক্যজনিত কিংবা অনুরূপ অন্যান্য পরিস্থিতিজনিত আয়তাত্তীত কারণে অভাবগ্রস্থতার ক্ষেত্রে সরকারী সাহায্যলাভের অধিকার (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১০)।

অর্থাৎ, দেশের প্রতিটি নাগরিকের সামাজিক সুরক্ষা দেয়ার বিধান তথা ন্যূনতম মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব সরকারের। সাংবিধানিক এমন অঙ্গিকার এবং স্বাধীনতা পরবর্তী বিপুল জনগোষ্ঠীর দরিদ্রতা সরকারকে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের একটি ন্যায়সঙ্গত ভিত্তি প্রদান করেছে। স্বাধীনতা উত্তরকালে দেশের প্রধান সামাজিক নিরাপত্তা কর্মসূচি ছিল সরকারি কর্মচারীদের জন্য পেনশন বা অবসরকালীন ভাতা। ১৯৭৪ এর খাদ্য সংকট ও আশির দশকে উপর্যুপরি বন্যা এবং অন্যান্য সংকটের প্রভাবে নানা ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচির প্রচলন ঘটেছে যা বর্তমানে ১৪৫টি তে এসে দাড়িয়েছে। এসব কর্মসূচি সরকারের ২৩টি মন্ত্রণালয়/

<sup>5</sup> প্রভাষক, ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ

বিভাগের মাধ্যমে বাস্তবায়িত হয় (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ২০১৫:০৫ ও ১৪)। ২০১৬-১৭ অর্থবছরে এ খাতে বাজেট বরাদ্দ রয়েছে ৪৫,২৩০ কোটি টাকা যা মোট বাজেটের ১৩.২৮ শতাংশ এবং জিডিপি এর ২.৩১ শতাংশ (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ২০১৭:১৮৬)। সামাজিক নিরাপত্তা কর্মসূচির মূলত সুফলভোগী নির্বাচন, সুবিধা বণ্টন ও পরিবীক্ষণ ইত্যাদি কার্যক্রমে স্থানীয় সরকারের জনপ্রতিনিধিগণের বহুমাত্রিক ভূমিকা রয়েছে। এ ভূমিকার আইনগত বাধ্যবাধতকাও রয়েছে। উদাহরণস্বরূপ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর দ্বিতীয় তফসিলে বর্ণিত ইউনিয়ন পরিষদের ৩৯টি কার্যাবলীর মধ্যে ৩১নং কাজের ক্ষেত্রে বলা হয়েছে, “বিধবা, এতিম ও দুঃস্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষণ ও সাহায্য করা” অন্যতম কাজ। এর পাশাপাশি উক্ত আইনের ৬(এ৪) উপধারায় ওয়ার্ড সভার ক্ষমতা ও কার্যাবলীতে বর্ণিত রয়েছে, “সরকারের বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচিভুক্ত (যেমন, বয়স্কভাতা, ভর্তুকি, ইত্যাদি) ব্যক্তিদের তালিকা যাচাই করা” ওয়ার্ড কমিটি করবে (<http://bdlaws.minlaw.gov.bd>, accessed on 28 November 2017)। এমন পেক্ষাপট বর্তমান গবেষণা নিবন্ধটি সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ বাস্তবায়নে স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর তথা ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও সচিবগণের পর্যবেক্ষণে বিদ্যমান চ্যালেঞ্জচিহ্নিতকরণ এবং এর সমাধানে তাঁদের চিন্তা-ভাবনার স্বরূপ বিশ্লেষণের প্রয়াসে রচিত হয়েছে।

### সামাজিক নিরাপত্তার ধারণায়ন

বিভিন্ন সংস্থা ও সংগঠন সামাজিক নিরাপত্তা কর্মসূচির নানা ধরনের সংজ্ঞায়ন করেছে। এসব সংজ্ঞা বিশ্লেষণে দেখা যায়, দেশের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান, ঝুঁকি মোকাবেলা তথা প্রান্তিক অবস্থানের পরিবর্তন করার জন্য সরকার কর্তৃক গৃহীত কর্মসূচি হলো সামাজিক নিরাপত্তা কর্মসূচি যা নগদ বা খাদ্য সহায়তা হিসেবে শর্তযুক্ত ও শর্তহীন (**Conditional and Unconditional**) উভয়ই হতে পারে। বিশ্বব্যাংক এর মতে, “Public interventions (i) to assist individuals, households, and communities better manage risk, and (ii) to provide support to the critically poor” (Rahman et. al. 2014:48)। আবার এশিয়া উন্নয়ন ব্যাংক বিশ্বব্যাংকের সংজ্ঞায়নে উদ্ধৃত মাত্রার সাথে আরো কয়েকটি মাত্রা যোগ করে সামাজিক নিরাপত্তা সম্পর্কে বলা হয়, “Social protection consists of policies and programmes designed to reduce poverty and vulnerability by promoting efficient labour markets, diminishing people’s exposure to risks, enhancing their capacity to protect themselves against hazards and interruption/loss of income” (Barkat et. al. 2011:22)। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) আরেকটু বিস্তারিতভাবে সামাজিক নিরাপত্তার সংজ্ঞায়নে বলেছে, “As the set of public measures that a society provides for its members to protect them against economic and social distress that would be caused by the absence or a substantial reduction of income from work as a result of various contingencies (sickness, maternity, employment injury, unemployment, invalidity, old age, and death of the breadwinner); the provision of health care; and, the provision of benefits for families with children” (Rahman, Hossain Zillur et. al., *ibid.*)। অর্থাৎ, নানা কারণে সমাজে পিছিয়ে পড়া বিপুল জনগোষ্ঠীকে সহায়তা প্রদানের মাধ্যমে জীবনযাপনের ব্যবস্থাকরণ এবং এর মানোন্নয়নের উদ্দেশ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি এদেশে বাস্তবায়িত হয়ে আসছে। বাংলাদেশের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহকে নিম্নোক্ত লেখচিত্রের মাধ্যমে দেখানো যেতে পারে:

## লেখচিত্র-১: সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের প্রকরণগত চিত্র



(উৎস: Titumir ২০১৪)।

সামাজিক নিরাপত্তা কর্মসূচির উল্লিখিত সংজ্ঞাসমূহ বিশ্লেষণ করলে পাঁচটি জোড় চিহ্নিত করা যায়। এগুলো হলো:

**ক) শ্রম বাজার (Labour Market):** এ ধরনের ক্ষেত্রে সরাসরি কর্মসংস্থান সৃষ্টি, শ্রমিকের সুরক্ষা, দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

**খ) সামাজিক বিমা (Social Insurance):** এ ক্ষেত্রে বেকারত্ব, অসুস্থতা, মাতৃত্ব, অক্ষমতা, শিল্প-কারখানায় দুর্ঘটনায় আহত, বার্ধক্য ইত্যাদিতে ঝুঁকি মোকাবেলায় কর্মসূচি হাতে নেয়া হয়।

**গ) সামাজিক সহায়তা ও মঙ্গল (Social Assistance and Welfare):** এ ধরনের কর্মসূচি বিশেষ করে অতি দরিদ্র মানুষকে লক্ষ্য করে নেয়া হয়ে থাকে। এর মধ্যে রয়েছে অক্ষম, দরিদ্র বয়োবৃদ্ধ ক্ষুদ্রগোষ্ঠী, আদিবাসী, গৃহহীন, বিধবা, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী ইত্যাদি শ্রেণির মানুষ।

**ঘ) ক্ষুদ্র ও এলাকাভিত্তিক কর্মসূচি (Micro and Area-Based Schemes):** কম্যুনিটি পর্যায়ে ঝুঁকি মোকাবেলায় ক্ষুদ্র ঋণ/সঞ্চয় স্কিম, কৃষি বিমা, দুর্ঘোণ ব্যবস্থাপনা ইত্যাদিতে স্কিম নেয়া হয়।

**ঙ) শিশু সুরক্ষা (Child Protection):** শিশুদের অধিকার রক্ষা ও এডভোকেসি/সচেতনতা বৃদ্ধি, শৈশবের বৃদ্ধি, শিক্ষা সহায়তা, স্বাস্থ্য সহায়তা ইত্যাদি বিবেচনা করে কর্মসূচি পরিচালিত হয়ে থাকে (Rahman, Hossain Zillur et. al., ২০১৪:৪৯-৫০)। সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাংলাদেশে সামাজিক নিরাপত্তা বেট্টনী বা নিরাপত্তা বেট্টনী নামেও সমার্থকভাবে ব্যবহৃত হয়ে থাকে।



### ৩. সামাজিক নিরাপত্তা কর্মসূচির ইতিবৃত্ত বিশ্লেষণ

বাংলাদেশে আনুষ্ঠানিক সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির সুদীর্ঘ ইতিহাস রয়েছে। এসব নিরাপত্তা বেটনী কর্মসূচি অংশত বর্তমান সামাজিক নিরাপত্তা ব্যবস্থার প্রকৃতি নির্ধারণে অন্যতম প্রভাবক হিসেবে কাজ করেছে। স্বাধীনতা উত্তর দেশের প্রধান সামাজিক নিরাপত্তা কর্মসূচি ছিল সরকারি কর্মচারীদের জন্য পেনশন বা অবসরকালীন ভাতা। এর পরিপূরক হিসেবে কাজ করেছে প্রভিডেন্ট ফান্ড যা ছিল সরকারি ও আনুষ্ঠানিক ব্যক্তিখাতের কর্মচারীদের জন্য সঞ্চয়ের একটি বাহন। এর মাধ্যমে কর্মচারীগণ অবসরে যাওয়ার সময় এককালীন ভাতা পেতেন। ১৯৭৪ সালের খাদ্য সংকট ও আশির দশকে সংঘটিত উপর্যুপরি বন্যা এবং এ ধরনের অন্যান্য সংকটের প্রভাব মোকাবেলায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত দরিদ্র পরিবারগুলির জন্য নতুন কর্মসূচি গ্রহণ করা হয়। এসব কর্মসূচি ছিল মূলত বিদেশি সহায়তাপুষ্ট গণপূর্ত কর্মকান্ড ও খাদ্য সহায়তা কর্মসূচি (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৫:০৫)।

আশির দশকের শেষ দিকে সরকার এমন সব কর্মসূচি গ্রহণ করে যেগুলো জীবনচক্রের বিভিন্ন পর্যায়ে সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় সহায়তা করেছে। বিদ্যালয়ে ছাত্র উপবৃত্তি কর্মসূচি এ ধরনের একটি কার্যক্রম। নব্বই দশকের শেষ দিকে সরকার বিধবা ভাতা ও বয়স্ক ভাতার মতো জনপ্রিয় কর্মসূচিগুলোতে ব্যাপক বিনিয়োগ শুরু করে। এ ছাড়া দাতাগোষ্ঠীও বিভিন্ন এনজিও পরিচালিত কর্মসূচিতে উল্লেখযোগ্য পরিমাণে বিনিয়োগ করে। এসব কর্মসূচির মধ্যে সমাজসেবামূলক কর্মকান্ড ছাড়াও ছিল সামাজিক অনুদানমূলক কর্মকা- (প্রাণ্ড)।

#### সারণি-১: উল্লেখযোগ্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির সংক্ষিপ্ত সময়চিত্র (Timeline)

| শুরুর সময়          | উল্লেখযোগ্য কর্মসূচির নাম  | বর্তমান অবস্থা    |
|---------------------|--|-------------------|
| ১৯৫৬                | শহর কেন্দ্র হতে বিধিবদ্ধ রেশন বিতরণ  | ১৯৯৬ হতে বন্ধ     |
| ১৯৭১ (স্বাধীনতাকাল) | জিআর এবং টিআর  | চলমান             |
| ১৯৭৪                | কাজের বিনিময়ে খাদ্য   |                   |
| ১৯৭৫                | ভিজিডি   |                   |
| ১৯৮২                | পল্লী কর্মসংস্থান কর্মসূচি (২০০৮ সাল হতে RERMP নামে অব্যাহত রয়েছে)          |                   |
| ১৯৯৩                | শিক্ষার বিমিয়ে খাদ্য কর্মসূচি   | ২০০২ সাল হতে বন্ধ |
| ১৯৯৪                | মেয়েদের মাধ্যমিক স্কুল সহায়তা কর্মসূচি                                     | চলমান             |
| ১৯৯৮                | ভিজিএফ   |                   |
| ১৯৯৮                | বয়স্ক ও বিধবা ভাতা কর্মসূচি   |                   |
| ২০০০                | জাতীয় পুষ্টি কর্মসূচি   | ২০০৬ সাল হতে বন্ধ |
| ২০০২                | স্কুল ফিডিং কর্মসূচি   | চলমান             |
| ২০০২                | প্রাথমিক শিক্ষা বৃত্তি কর্মসূচি (PESP)                                       |                   |
| ২০০৭                | পল্লী কর্মসংস্থান কর্মসূচি (REOPA)   |                   |
| ২০০৮                | ১০০ দিনের কর্মসংস্থান কর্মসূচি (২০১০ সাল হতে কর্মসৃজন কর্মসূচি হিসেবে চলমান) |                   |

(উৎস: Rahman et. al. ২০১১:২৯)।

ক্রমান্বয়ে খাদ্য সহায়তার পরিবর্তে নগদ অর্থে প্রদত্ত সহায়তার হার বৃদ্ধি পায়। নগদ টাকা মূলত জীবনচক্রভিত্তিক কর্মসূচিগুলোর মাধ্যমে দেয়া হয়েছে। একবিংশ শতাব্দির প্রথম দশকের মাঝামাঝি সময়ে বেশিরভাগ বিদেশি খাদ্য সহায়তা কার্যক্রম প্রত্যাহার করে নেয়া হয়। এর পরিবর্তে সরকারি অর্থায়নে (কর রাজস্ব হতে) খাদ্যশস্য প্রদান শুরু হয়। এনজিও এবং সরকার কর্তৃক গৃহীত ছোট আকারের প্রকল্পের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়। এসব প্রকল্পে কিছু সামাজিক নিরাপত্তামূলক উপাদান যুক্ত হয়েছে। এ সমস্ত উদ্যোগের ফলে গত প্রায় চার দশকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির তালিকা দীর্ঘায়িত হয়েছে, যা দারিদ্রের তীব্রতা প্রশমনের

পাশাপাশি দুর্যোগ পরিস্থিতি উত্তরণ সহ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন প্রক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রেখেছে (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৫: ০৫)।

সরকারের সামাজিক নিরাপত্তা বেটনীর নানা কর্মসূচি গ্রহণের পেছনে তিনটি উপাদান কাজ করেছে। প্রথমটি হলো মানবতাবাদী দর্শন বা মানবিক মূল্যবোধ যা বাংলাদেশের সমাজের গভীরে প্রোথিত এবং এ সমাজের একটি অনুপম বৈশিষ্ট্য। এ দর্শন দুযোগজনিত বা কর্মসংস্থানের অভাবজনিত সাময়িক খাদ্য নিরাপত্তাহীনতায় ত্রাণ কার্যক্রমকে অগ্রাধিকার দেয়। মূল্যবোধ থেকে দুটি ভিত্তিমূলীয় কর্মসূচির উদ্ভব হয়। একটি হলো ভিজিএফ যা ১৯৭৪ সালে চালু হয়। এ কর্মসূচির মাধ্যমে অতিদরিদ্র পরিবারগুলোকে খাদ্য সহায়তা দেয়া হয়। অন্যটি হলো কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা) কর্মসূচি যা ১৯৭৫ সালে চালু হয়। এ কর্মসূচিতে মজুরি হিসেবে খাদ্যশস্য দেয়া হয়। সাময়িক খাদ্য নিরাপত্তাহীনতা মোকাবেলায় যেসব কর্মসূচি অব্যাহত রয়েছে সেগুলোর ভিত্তি হিসেবে কাজ করেছে এ দুটি কর্মসূচি (প্রাণ্ডজ)।

নতুন দেশে হিসেবে আবির্ভূত হওয়ার প্রায় দুদশক পর সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচিতে নিরাপত্তা বলয় ছাড়াও ক্রমোন্নতির সোপান বা ক্ষমতামূলক উপাদান প্রবর্তনের চিন্তাভাবনা করা হয় যাতে করে সুবিধাভোগীরা সাময়িক ত্রাণের বাইরেও অধিকতর টেকসই সুবিধা লাভ করতে পারে। মানব উন্নয়ন (প্রশিক্ষণ, শিক্ষাবৃত্তি, সচেতনতা সৃষ্টি), আর্থিক স্বাবলম্বন (সঞ্চয়, আয় পরিপূরক, ক্ষুদ্রঋণ প্রাপ্তি), কর্মসংস্থানের নিশ্চয়তা বা সম্পদ হস্তান্তরের মাধ্যমে এরূপ উন্নয়ন সোপানমূলক উপাদান প্রবর্তন করা হয়। ফলে সামাজিক নিরাপত্তা কর্মসূচির উদ্ভাবন ও পরীক্ষণ প্রক্রিয়ায় একটি নতুন ধারার প্রচলন ঘটে যা এখন পর্যন্ত অব্যাহত রয়েছে।

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বলয় সমষ্টির প্রসারে তৃতীয় অনুঘটকটি হলো অধিকতর সার্বজনীন সামাজিক নিরাপত্তা ব্যবস্থা। এ ব্যবস্থায় বিপন্ন বিশেষ জনগোষ্ঠীর (যেমন: বয়স্ক, প্রতিবন্ধী এবং দুস্থ ও ঝুঁকিগ্রস্ত মহিলা) প্রয়োজনের উপর গুরুত্বারোপ করা হয়। নিরাপত্তা বলয় সমষ্টির এ অংশের যাত্রা শুরু হয় ১৯৯০ দশক থেকে যখন নির্বাচনী গণতন্ত্রের পুনরাবির্ভাব ঘটে। এ ছাড়া সামাজিক নিরাপত্তা প্রদান প্রক্রিয়া বিষয়েও অনেক পরীক্ষণ ও উদ্ভাবন চলমান রয়েছে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো খাদ্য সহায়তার পরিবর্তে নগদ অর্থ প্রদান, এনটাইটেলমেন্ট কার্ড, ব্যাংকিং চ্যানেল ব্যবহার, কর্মসূচি বাস্তবায়নে স্থানীয় সরকারের ব্যবহার, ভৌগোলিক নির্বাচন এবং পরিবীক্ষণ প্রক্রিয়া (প্রাণ্ডজ)।

এদেশে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিকাশের পেছনে উল্লেখযোগ্যভাবে চাহিদাতাড়িত উপাদানের উপস্থিতি রয়েছে। এগুলো উদ্ভব হয়েছে নতুন গণতান্ত্রিক আশা-আকাঙ্ক্ষা এবং একইসাথে সংকট উত্তরণ প্রচেষ্টা থেকে। বাংলাদেশ তার সামাজিক নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে বিমূর্ত অধিকারসমূহের আইনগত ধারার পরিবর্তে ক্রমবর্ধমান কর্মসূচি পরীক্ষণের (Incremental Program Experimentation) একটি বাস্তবভিত্তিক পথ অনুসরণ করেছে। খাদ্য-নিরাপত্তাভিত্তিক মূল ভিজিডি কর্মসূচি এবং গণপূর্তভিত্তিক পলিম্ব-অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচি সহ অনেক অনুবর্তী কর্মসূচি গ্রহণকে উৎসাহিত করেছে যেমন: আইজিভিজিডি, এফএসভিজিডি, সিএফপিআর-টিইউপি, রিওপা, আরইআরএমপি ইত্যাদি। এসব কর্মসূচির নকশায় ও প্রসারণের ক্ষেত্রে অধিকতর জটিল লজ্যাসমূহকে ক্রমান্বয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। দরিদ্র জনগোষ্ঠীর যে অংশ বিদ্যমান কর্মসূচিসমূহের আওতার বাইরে থেকে যাচ্ছে তাদেরকে চিহ্নিতকরণের উপর জোর দিয়ে ঝুঁকিমুখীতার সমান্তরাল নতুন কর্মসূচির বিকাশ ঘটেছে। এটি পরবর্তীতে প্রান্তিক জনগোষ্ঠী কেন্দ্রিকতার (যেমন: চরবাসী বা প্রাথমিকভাবে মঙ্গাপীড়িত এলাকার উপর গুরুত্ব প্রদানকৃত ব্যাপকতর ভৌগোলিক নির্বাচন এবং বর্তমানে হাওর ও উপকূলীয় সম্প্রদায়ের উপর গুরুত্ব প্রদান) ভিত্তিমূল হিসেবে কাজ করে।

সামাজিক নিরাপত্তা খাতে সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন ঘটিয়ে এ খাতের বাজেট বরাদ্দ আর্থিক মূল্যে এবং জিডিপির অংশ হিসেবে উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। জিডিপির অংশ হিসেবে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বরাদ্দ ১৯৯৮ সালের ১.৩ শতাংশ থেকে বেড়ে ২০১১ সালে ২.৩ শতাংশ হয়েছে। এরপর থেকে এটি জিডিপির প্রায় ২ শতাংশে স্থিতিশীল রয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে এটি জিডিপির প্রায় ২.৩১ শতাংশ। আন্তর্জাতিক মান অনুযায়ী বরাদ্দের পরিমাণ মোটামুটি মনে হলেও সরকারের বাজেট সীমাবদ্ধতা বিবেচনা করলে এটি সরকারের আন্তরিক প্রচেষ্টার বহিঃপ্রকাশ এবং সামাজিক উন্নয়ন নীতির এ ধারার প্রতি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের নির্দেশক। বর্তমানে ১৪৫টি কর্মসূচি ২৩টি মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে (প্রাণ্ডজ, পৃ. ০৭)।

বর্তমান কর্মসূচিসমূহের কাঠামো অধিকতর কৌশলগত ও বিশ্লেষণমূলক উপায়ে দেখার একটি পছন্দ হলো জীবনচক্রভিত্তিক কাঠামোর প্রেক্ষিতে কর্মসূচিসমূহকে শ্রেণিবিন্যাস করা। দরিদ্র ও ঝুঁকিগ্রস্ত মানুষ জীবনচক্রের বিভিন্ন স্তরে নানা ঝুঁকি, অভিজাত, বিপদ-আপদ ও বিপর্যয়ের সম্মুখীন হয়ে থাকে। কিছু ঝুঁকি রয়েছে যেগুলো সময়মতো মোকাবেলা না করা হলে সেগুলো জীবনব্যাপী দীর্ঘস্থায়ী

নেতিবাচক প্রভাব ফেলে। উদাহরণস্বরূপ, গর্ভকালীন বা সন্তান প্রসবের সময়ে একজন মায়ের জন্য বিশেষ স্বাস্থ্যসেবা বা নবজাতকের (০-২ বছর বয়সী) সেবায়ত্ন সঠিকভাবে করা না হলে ভবিষ্যৎ জীবন ঝুঁকিপূর্ণ হতে পারে। একইভাবে, একজন বয়স্ক (ষাটোর্ধ্ব) দরিদ্র মানুষের ঝুঁকিসমূহ কমজাম বয়সের দরিদ্র মানুষের ঝুঁকিসমূহ থেকে অধিকতর চ্যালেঞ্জিং হয়ে থাকে। অর্থাৎ, জীবনচক্রের বিভিন্ন স্তরে বিরাজমান ঝুঁকিসমূহে গুণগত পার্থক্য রয়েছে। কোনো কোনো সামাজিক নিরাপত্তা ব্যবস্থা এ সকল পার্থক্যকে বিবেচনায় নিয়ে সেগুলোকে মোকাবেলার করার চেষ্টা করে থাকে। আবার কোনো কোনো সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় জীবনচক্রভিত্তিক ঝুঁকিসমূহের প্রয়োজনের প্রতি বিশেষভাবে সাড়া দেয়া হয় না। দেখা গেছে যে, প্রথমোক্ত ব্যবস্থার মাধ্যমে সুফলভোগীদেরকে অধিকতর কার্যকর সহায়তা প্রদান করা সম্ভব। সুতরাং এটি খুবই স্বাভাবিক যে বেশিরভাগ দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা জীবনচক্রের ঝুঁকি ও চ্যালেঞ্জ মোকাবেলাকে কেন্দ্র করে ক্রমাগত বিকশিত হয়েছে (প্রাণ্ড, পৃ. ১১)।

## উদ্দেশ্য

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তথা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সাধারণ সদস্য, সংরক্ষিত আসনের সদস্য ও সচিবগণের উপর অর্পিত চারটি সুনির্দিষ্ট দায়িত্ব হচ্ছে: ক) জনঅংশগ্রহণের ভিত্তিতে সুফলভোগী নির্বাচন; খ) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নে উদ্ভূত অভিযোগ ও বিরোধ নিষ্পত্তিতে সহায়তা প্রদান; গ) জাতীয় সামাজিক নিরাপত্তা কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নে সহায়তা প্রদান এবং ঘ) সামাজিক নিরাপত্তা সেবা ও সহায়তা প্রদানে সম্পৃক্ত মন্ত্রণালয়সমূহকে সহায়তা প্রদান। অর্থাৎ, সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের একটি ব্যাপক ভূমিকা রয়েছে। এ ভূমিকাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর মাধ্যমে আইনগতভাবে কাঠামোবদ্ধ করা হয়েছে। কিন্তু ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি ও সচিবগণ সামাজিক নিরাপত্তা কর্মসূচির ক্ষেত্রে উল্লিখিত দায়িত্ব পালনে মাঠ পর্যায়ে নানাবিদ চ্যালেঞ্জ মোকাবেলা করেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচির এসব চ্যালেঞ্জ নিয়ে তাঁদের ভাবনা কী বা এর সমাধান কীভাবে হতে পারে এ সম্পর্কে তৃণমূল ব্যবস্থাপনার মতামতকে প্রণালীবদ্ধভাবে গবেষণার মাধ্যমে বিশ্লেষণ করার প্রয়াস নেয়া হয়েছে।

## গবেষণা পদ্ধতি

সামাজিক নিরাপত্তা কার্যক্রমের নীতি প্রণয়ন, নীতির বাস্তবায়ন ও কার্যক্রম মনিটরিং এ জনসম্পৃক্তি, জবাবদিহিমূলক ও স্বচ্ছ একটি ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ), ঢাকা ১২টি বেসরকারি উন্নয়ন সংস্থা ও নাগরিক সমাজকে সম্পৃক্ত করে ১২টি জেলার ১২টি উপজেলার তৃণমূল পর্যায়ে সংগঠন, ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ, প্রশাসনিক এককসমূহে কর্মরত সরকারি দপ্তর, গ্রামীণ জনগোষ্ঠী এবং ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ে শহরসমূহের স্থানীয় নাগরিক সমাজের সবাইকে নিয়ে একটি সমন্বিত কর্মসূচি নিয়োজিত।

মানুষের জন্য ফাউন্ডেশন, ঢাকা এ কার্যক্রমে মোট ১০টি প্রধান সামাজিক নিরাপত্তা কর্মসূচি অন্তর্ভুক্ত করে মাঠ পর্যায়ের এ পরীক্ষামূলক উদ্যোগ গ্রহণ করেছে। কর্মসূচিগুলো হলো অস্বচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা, বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা, ভিজিএফ, দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি), দরিদ্র মায়াদের মাতৃত্বকালীন ভাতা, প্রাথমিক শিড্রা উপবৃত্তি কর্মসূচি, মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি এবং টেস্ট রিলিফ। এসব কর্মসূচি সম্পর্কে দরিদ্র, নিরুজ্জার ও অসহায় উপকারভোগীদের বিভিন্ন অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য স্থানীয় প্রশাসনকে প্রধান করে ২১ সদস্যবিশিষ্ট ফোরামের মাধ্যমে বিশেষ সহায়তা প্রদানের লক্ষ্যে মানুষের জন্য ফাউন্ডেশন উল্লিখিত ১২টি জেলায় এসজিএসপি প্রকল্প বাস্তবায়ন করেছে (অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে সামাজিক সুরক্ষা কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক প্রশিক্ষণ সহায়িকা, ২০১৭)। এর আওতায় বার্ডে অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে সামাজিক সুরক্ষা কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক সিরিজ প্রশিক্ষণ ২০১৬-১৭ অর্থবছরে অনুষ্ঠিত হয়েছে। এসব প্রশিক্ষণে উক্ত ১২টি উপজেলা থেকে ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধি যথা: চেয়ারম্যান, মেম্বর, সংরক্ষিত আসনের নারী সদস্য এবং ইউনিয়ন সচিবগণ অংশগ্রহণ করেন। দ্বৈব নমুনায়নের মাধ্যমে এসব প্রশিক্ষণের ১০টি ব্যাচের সর্বমোট ২৭০ জন অংশগ্রহণকারীর (০৭টি উপজেলা হতে, সারণি-২ দ্র.) সাথে দলীয় আলোচনার মাধ্যমে উল্লিখিত ১০টি প্রধান সামাজিক নিরাপত্তা কর্মসূচি সম্পর্কে তথ্য-সংগ্রহ করা হয়েছে। গবেষক এখানে সঞ্চালকের দায়িত্ব পালন করেন। এ ছাড়া গবেষক কর্তৃক দলীয় আলোচনার বিষয়বস্তুসমূহ লিপিবদ্ধ করা হয়। পরে সারণিকরণের সময় পুনরাবৃত্তিধর্মী বিষয়সমূহকে বাদ দেয়া হয়েছে। এছাড়া গবেষণা পদ্ধতি হিসেবে আধেয় বিশ্লেষণ পদ্ধতিরও প্রয়োগ করা হয়েছে। তথ্যের উৎস হিসেবে প্রাথমিক ও মাধ্যমিক উভয়ই ব্যবহার করা হয়েছে।

## সারণি-২: দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের এলাকাভিত্তিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

| ক্রমিক<br>নং | ইউপি ও জেলার নাম   | চেয়ারম্যান<br>(সংখ্যা) | সদস্য<br>(সংখ্যা) | সচিব<br>(সংখ্যা) | মোট<br>(সংখ্যা) | দলীয় আলোচনা<br>পরিচালনার তারিখ |
|--------------|--|-------------------------|-------------------|------------------|-----------------|---------------------------------|
| ১.           | নাজিরগঞ্জ এবং হাটখালী ইউনিয়ন<br>পরিষদ; সুজানগর, পাবনা   | ০২                      | ২৩                | ০২               | ২৭              | ২২ আগস্ট ২০১৬                   |
| ২.           | শালিয়াবাগপুর, বাইশারি ও বানারিপাড়া<br>ইউনিয়ন পরিষদ; বানারিপাড়া, বরিশাল                       | ০২                      | ৩০                | ০১               | ৩৩              | ০৫ সেপ্টেম্বর ২০১৬              |
| ৩.           | চালিতাডাঙ্গা, কাজীপুর সদর এবং<br>চরগিরিশ ইউনিয়ন পরিষদ; কাজীপুর,<br>সিরাজগঞ্জ                    | ০৩                      | ৩০                | ০২               | ৩৫              | ২৬ সেপ্টেম্বর ২০১৬              |
| ৪.           | ১২ নং মনসুরনগর এবং ৪নং শুভগাছা<br>ইউনিয়ন পরিষদ; কাজীপুর, সিরাজগঞ্জ                              | ০২                      | ২৩                | ০১               | ২৬              | ১৬ অক্টোবর ২০১৬                 |
| ৫.           | ২নং জালালাবাদ, ৩নং কয়লা, ৪নং<br>লাঙলবাড়া এবং ৯নং হেলাতলাইউনিয়ন<br>পরিষদ; কলারোয়া, সাতক্ষীরা  | ০২                      | ২৬                | ০২               | ৩০              | ২৯ অক্টোবর ২০১৬                 |
| ৬.           | ১নং দিয়ারা, ১২নং জুগিরখালী এবং ১নং<br>জয়নগরইউনিয়ন পরিষদ; কলারোয়া,<br>সাতক্ষীরা               | ০১                      | ২২                | ০২               | ২৫              | ০১ নভেম্বর ২০১৬                 |
| ৭.           | কালারমারছড়া এবং হোয়ানক ইউনিয়ন<br>পরিষদ; মহেশখালী, কক্সবাজার                                   | ০২                      | ২৩                | ০২               | ২৭              | ০৯ নভেম্বর ২০১৬                 |
| ৮.           | ৪নং চর আলেকজান্ডার এবং ৮নং রড়খেরি<br>ইউনিয়ন পরিষদ; রামগতি, লক্ষ্মীপুর                          | ০২                      | ২১                | ০১               | ২৪              | ২২ নভেম্বর ২০১৬                 |
| ৯.           | ৯নং চরগাজি এবং ৫নং চর আব্দুলম্নাহ<br>ইউনিয়ন পরিষদ; রামগতি, লক্ষ্মীপুর                           | ০১                      | ২০                | ০২               | ২৩              | ০৬ ডিসেম্বর ২০১৬                |
| ১০.          | ৩নং পায়রাবন্দ, ২নং রানিপুকুর, ৮নং<br>চেংমারি এবং ১১নং বরবালা ইউনিয়ন<br>পরিষদ; মিঠাপুকুর, রংপুর | -                       | ১৯                | ০১               | ২০              | ২১ ডিসেম্বর ২০১৬                |
| সর্বমোট      |  | ১৭                      | ২৩৭               | ১৬               | ২৭০<br>জন       |                                 |

## ফলাফল বিশ্লেষণ

### সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাঠ পর্যায়ে চিহ্নিত চ্যালেঞ্জসমূহ

দেশের বিভিন্ন অঞ্চলে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের চাহিদা রয়েছে। গ্রামীণ দরিদ্র মানুষজনের কাছে এসব কর্মসূচির সুবিধার মূল্য অনেক। বিশেষ করে বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মাতৃত্বকালীন ভাতা, শিক্ষা সহায়ক ভাতা ইত্যাদির চাহিদা দিন দিন বাড়ছে। এ ছাড়া জলবায়ু পরিবর্তনের ছোঁয়ায় প্রাকৃতিক দুর্যোগের প্রকোপ স্থান, কাল ভেদে ভিন্ন রূপ লাভ করছে। ফলে ঝুঁকিপূর্ণ মানুষের সংখ্যাও বাড়ছে। নদী ভাঙন, ঘূর্ণিঝড় বা লবনাক্ততা বৃদ্ধিপ্রবণ এলাকার মানুষজনের ঝুঁকি অনেক বেশি। নিচের সারণি-৩ এ প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিগণের আলোচনায় বেশি উঠে এসেছে যে, তাঁদের এলাকায় চাহিদার তুলনায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির বরাদ্দ অপ্রতুল। আবার এসব সুবিধা বিতরণ ও ব্যবস্থাপনায় রাজনৈতিক প্রভাব পরিদৃষ্ট হয়। ফলে স্বজনপ্রীতি, আত্মীয়করণ, দলীয়করণ বৃদ্ধি পায়। একই ব্যক্তি একাধিক সুবিধায় অন্তর্ভুক্তি ঘটে; বেড়ে যায় টার্গেটিং এরর। এ সকল কাজে উপজাত হিসেবে কোনো কোনো ক্ষেত্রে আর্বিভূত হয় ঘুষ, দুর্নীতি ও অনিয়ম। এক শ্রেণির গ্রামীণ দালাল রাজনৈতিক ছত্রছায়ায় নিজেদের মধ্যে সিডিকেট গড়ে তুলে পুরো প্রক্রিয়াকে বাধাধ্বংস করে। এমন কি সুবিধায় নাম অন্তর্ভুক্তির জন্য এ শ্রেণিকে ঘুষ দেয়া-নেয়ার বিষয়ও ইউনিয়নের নির্বাচিত জনপ্রতিনিধিগণ লক্ষ্য করে থাকেন। আবার ভোটের রাজনীতিও সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে প্রভাব বিস্তার করে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা মেম্বারদের পড়ে যারা কাজ করে থাকেন তাঁরাও এসব সুবিধা নিজেদের অনুকূলে বা নিজেদের কাউকে পাইয়ে দেয়ার জন্য অব্যাহত চাপ প্রয়োগ করেন। এর সাথে এলাকার সুশীল সমাজ,

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

উপজেলা প্রশাসন থেকে অনেক ক্ষেত্রে সফলভোগীর তালিকা প্রণয়নের সময় সুপারিশ আসে। এ ছাড়া স্থানীয় অন্যান্য জনপ্রতিনিধি যেমন: সংসদ সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রমুখ ব্যক্তিবর্গও তালিকা প্রণয়নে চাপ প্রয়োগ করে থাকেন মর্মে ইউপি নির্বাচিত প্রতিনিধিগণ তুলে ধরেন। এতে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়ায় স্থানীয় ইউনিয়ন পরিষদের অংশগ্রহণ কমে যায়। এর সাথে রয়েছে নতুন প্রজন্মের রাজনৈতিক নেতাদের মূল্যবোধ, নৈতিকতার ঘাটতি। ফলে স্বচ্ছতা ও জবাবদিহিতার ঘাটতি পরিলক্ষিত হয়।

সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় চাল বা গম বিতরণ করা হয়। গুদাম থেকে এসব চাল বা গম সংগ্রহের সময় অনেকক্ষেে সঠিক পরিমাণে দেয়া হয় না বলে উত্তরদাতাগণ উল্লেখ করেছেন। এর পাশাপাশি নিম্নমানের চালও সরবরাহ করা হয়। এটি নিয়ে মাঝে মাঝে গণমাধ্যমেও প্রতিবেদন প্রকাশ করা হয়।

সফলভোগীদের আচরণগত সমস্যার কথাও গবেষণায় উঠে এসেছে। তাঁদের শুধুমাত্র পাওয়ার মানসিকতা বিরাজমান। বরাদ্দ যে চাহিদার তুলনায় অপ্রতুল এটি দরিদ্র মানুষ মানতে চায় না। আবার কেউ না পেলে তাঁদের অভিযোগ করার মানসিকতাও পরিলক্ষিত হয়। সামাজিক নিরাপত্তা কর্মসূচি নিয়ে সমাজের দরিদ্র শ্রেণির মানুষদের সচেতনতার মাত্রা খুবই সীমিত বলেও উত্তরদাতাগণ জানান। তাঁরা সুবিধা বণ্টনের যেসব নিয়ম-কানুন বা বিধি-বিধান রয়েছে তার অনেক কিছুই জানেন না। এটি আবার সমাজে বিদ্যমান রাজনৈতিক বিরোধী পক্ষ অপপ্রচারের কাজে লাগায়। সরকারের সুবিধা সবাই পেতে চায়-এমন ধারণাও তাঁদের রয়েছে। এ সমস্ত কারণে সমাজে এক শ্রেণির দালালেরও উদ্ভব হয়েছে বলে উঠে আসে। তথ্য গোপন রাখার মানসিকতার কথা বলা হয়েছে। বিশেষ করে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিস বরাদ্দের বিষয়টি গোপন রাখে। এর পাশাপাশি অনেক সময় ইউপি চেয়ারম্যান ও সচিব ভাতা সম্পর্কিত তথ্যাদি মেসারদের জানায় না। এতে সার্বিকভাবে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধা বণ্টনে এক ধরনের পরিকল্পনাহীনতা এবং সামগ্রিক সমন্বয়ের অভাবও পরিলক্ষিত হয়।

নিচের সারণি-৩ এ উল্লিখিত ৪২টি চ্যালেঞ্জ সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাঠ পর্যায়ের অনুভূত অবস্থাকে নির্দেশ করে। ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান, মেসার, সংরক্ষিত নারী সদস্য এবং সচিবদের পর্যবেক্ষণ গুরুত্বের সাথে বিবেচনার দাবি রাখে। কারণ তাঁরা মাঠ পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলো বাস্তবায়নের সাথে সরাসরি জড়িত। এসব বিদ্যমান চ্যালেঞ্জকে অস্বীকার করার কোনো উপায় নেই। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের সীমিত সম্পদকে কাজে লাগিয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে এসব চ্যালেঞ্জ নিরসনকল্পে কাজ করতে হবে। সরকারের নীতি নির্ধারকগণকে এগিয়ে আসতে হবে। বিষয়গুলোকে বর্তমান নিবন্ধের মাধ্যমে একাডেমিক দৃষ্টিকোণ থেকে নিচের সারণি-৩ এ তুলে ধরা হলো যাতে সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাঠ পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম আরো গুণগত ও মানসম্পন্ন হয়।

### সারণি-৩: নির্বাচিত জনপ্রতিনিধিগণ কর্তৃক চিহ্নিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিদ্যমান চ্যালেঞ্জসমূহ

| ক্রমিক নং | বিদ্যমান চ্যালেঞ্জসমূহ  |
|-----------|---|
| ১.        | চাহিদার তুলনায় বরাদ্দ কম   |
| ২.        | রাজনৈতিক প্রভাব   |
| ৩.        | সুবিধাভোগী নির্বাচনে বয়স নির্ধারণে সমস্যা  |
| ৪.        | একই ব্যক্তি একাধিক সুবিধায় অন্তর্ভুক্তি (টার্গেটিং এরর)  |
| ৫.        | কোনো কোনো ক্ষেত্রে ঘুষ, দুর্নীতির উপস্থিতি  |
| ৬.        | সেবা প্রদান প্রক্রিয়ায় সিডিকেটের উপস্থিতি ও প্রভাব  |
| ৭.        | স্বজনপ্রীতি, আত্মীয়করণ, দলীয়করণ   |
| ৮.        | গণসচেতনতার অভাব   |
| ৯.        | সামাজিক সুরক্ষা কার্যক্রমের আওতায় প্রদানকৃত চাল/ গম সঠিক পরিমাণে না দেয়া                        |
| ১০.       | সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়নের ক্ষেত্রে সংসদ সদস্য ও উপজেলা পরিষদের হস্তক্ষেপ           |
| ১১.       | বরাদ্দ বিতরণে বিশেষ করে টিআর এর ক্ষেত্রে দলীয় প্রভাব- ইউনিয়ন পরিষদের অংশগ্রহণ অনেকক্ষেে খুবই কম |
| ১২.       | ভবিষ্যৎ বুঝির ক্ষেত্রে সুবিধা না থাকা   |
| ১৩.       | বিশেষ ক্ষেত্রে (যেমন- নদীভাঙন) কোনো এলাকায় বেশি বরাদ্দ দিলে অন্যদের মাঝে ক্ষোভের সৃষ্টি          |
| ১৪.       | ইউপি পর্যন্ত সরকারিভাবে চাল/গম পরিবহনে ব্যয় না দেয়া   |

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

| ক্রমিক নং | বিদ্যমান চ্যালেঞ্জসমূহ   |
|-----------|--|
| ১৫.       | বিশেষ করে সুফলভোগী নির্বাচনের ক্ষেত্রে সমাজে বিরোধী পক্ষের অপপ্রচার/ অপব্যর্থতা  |
| ১৬.       | আমলাতান্ত্রিক জটিলতায় সুফলভোগী নির্বাচনের পর ভাতা/ বরাদ্দ পেতে অনেক সময় বিলম্ব হওয়া   |
| ১৭.       | প্রকল্পের অর্থ উত্তোলনের ক্ষেত্রে তথা সার্বিকভাবে মনিটরিং এর দুর্বলতা  |
| ১৮.       | সংশ্লিষ্ট সরকারি অফিস (যেমন: উপজেলা সমাজ সেবা অফিস, ইউএনও অফিস, প্রকল্প বাস্তবায়ন অফিস ইত্যাদি) থেকে সুফলভোগী নির্বাচনের ক্ষেত্রে তদবির |
| ১৯.       | সুফলভোগীদের ধৈর্য্য কম (আচরণগত সমস্যা)   |
| ২০.       | অনেকক্ষেত্রে নিয়মানের চাল প্রদান  |
| ২১.       | প্রাকৃতিক দুর্যোগ বিশেষ করে বন্যার সময় স্বল্প বরাদ্দ বিতরণে অনুভূত মহাচাপ   |
| ২২.       | স্থানীয় সুশীল সমাজ, ব্যক্তিগত কর্মী ও ইউপি সদস্যদের চাপ   |
| ২৩.       | এলাকায় দরিদ্র মানুষের সংখ্যা বেশি   |
| ২৪.       | মানবিক দৃষ্টিভঙ্গির অভাব (শুধু নিজেরাই পেতে চায়)  |
| ২৫.       | স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব  |
| ২৬.       | নতুন প্রজন্মের রাজনৈতিক নেতাদের মূল্যবোধ, নৈতিকতার ঘাটতি   |
| ২৭.       | উপদলীয় বিভাজন   |
| ২৮.       | ইতিবাচক মানসিকতার অভাব (সুফলভোগীরা সব সময় সুফল পেতে চায়)   |
| ২৯.       | সার্বিকভাবে সমন্বয়ের অভাব   |
| ৩০.       | সুফলভোগীদের নিয়ম-কানুন ও সংশ্লিষ্ট জ্ঞানের অভাব   |
| ৩১.       | সুবিধা না পেলে অভিযোগ করার মানসিকতা  |
| ৩২.       | সুবিধাসমূহের সুষম বন্টনের অভাব   |
| ৩৩.       | ইউনিয়নের জনসংখ্যা অনুপাতে বরাদ্দেরবিধান নেই   |
| ৩৪.       | অনেকক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিস বরাদ্দের বিষয়টি গোপন রাখে (বিশেষ করে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে)             |
| ৩৫.       | উপজেলা প্রশাসন কর্তৃক স্বল্প সময়ে কাজ আদায়ের প্রবণতা   |
| ৩৬.       | সুফলভোগী নির্বাচন কমিটি কর্তৃকঅনেকক্ষেত্রে মাঠ পর্যায়ে যাচাই-বাছাই না করে তালিকা প্রণয়ন  |
| ৩৭.       | দরিদ্র মানুষের ডাটাবেজ নেই   |
| ৩৮.       | জনমানুষের মাঝে নিরাপত্তা কর্মসূচি সম্পর্কে ভুল ধারণা থাকায় সবাই পেতে চায়   |
| ৩৯.       | গ্রামীণ দালাল শ্রেণির দৌরাভ্য  |
| ৪০.       | সুবিধা বন্টনে পরিকল্পনার অভাব  |
| ৪১.       | অনেক সময় ইউপি চেয়ারম্যান ও সচিব ভাতা সম্পর্কিত তথ্যাদি মেম্বারদের জানায় না  |
| ৪২.       | ইউপি চেয়ারম্যান, মেম্বার ও সচিবদের মধ্যে সমন্বয়ের অভাব   |

(উৎস: দলীয় আলোচনা ২০১৬)

### সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাঠ পর্যায়ে চিহ্নিত চ্যালেঞ্জসমূহ নিরসনে সুপারিশ

সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ বাস্তবায়নে মাঠ পর্যায়ে বিদ্যমান চ্যালেঞ্জসমূহের মধ্যেই কীভাবে এসবের নিরসন করা যায় তার দিক-নির্দেশনা রয়েছে। তদুপরি, দলীয় আলোচনায় অংশগ্রহণকারী ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও সচিবগণ চ্যালেঞ্জের সমাধান সম্পর্কিত মতামত তুলে ধরেন।

নিচের সারণি-৪ এ উপস্থাপিত তথ্য বিশ্লেষণ করে বলা যায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহে বিদ্যমান চ্যালেঞ্জসমূহের অধিকাংশ হলো এর সুফলভোগী নির্বাচন সংক্রান্ত। দলীয় আলোচনায় প্রাণ ফলাফলে দেখা যায়, যদি সুফলভোগী নির্বাচন প্রক্রিয়ার টার্গেটিং এরর কম হয় তবে কর্মসূচির সফলতা বাড়ে। দলীয় আলোচনায় অংশগ্রহণকারী ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিগণ বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলায় যেসব সুপারিশ প্রণয়ন করেছেন তার অধিকাংশই সুফলভোগী নির্বাচন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত।

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

রাজনৈতিক ও দলীয় প্রভাবমুক্ত সুফলভোগী নির্বাচন করা গেলে অনেকক্ষেে স্বজনপ্রীতিহাস পাবে। এর পাশাপাশি বিদ্যমান নীতিমালা অনুসরণ করে জনঅংশগ্রহণমূলক সুফলভোগী নির্বাচন প্রক্রিয়া অনুসরণের কথা উত্তরদাতাগণ জোর দিয়ে উল্লেখ করেছেন। প্রচলিত ব্যবস্থায় অলিখিত কোটা ও রাজনৈতিক প্রভাবমুক্ত সুফলভোগী নির্বাচন প্রক্রিয়ার অবসান উত্তরদাতাগণ প্রত্যাশা করেন। এ কোটার সুবিধা উপজেলা পর্যায়ে থেকে ইউনিয়ন পরিষদের সদস্য পর্যন্ত ব্যক্তিগণ পেয়ে থাকেন। এ ছাড়া ডিজিটাল পদ্ধতিতে সুফলভোগী নির্বাচন করার কথাও উঠে এসেছে। সরকারি পরিপত্রের পূর্ণাঙ্গ অনুসরণ ও বাস্তবায়ন এবং উন্নুক্ত পদ্ধতিতে ক্যাটাগরিভিত্তিক সুফলভোগীদের চলমান ও অপেক্ষমাণ তালিকা প্রণয়নের সুপারিশও উত্তরদাতাগণ উল্লেখ করেছেন। স্থানীয় পর্যায়ে গ্রামীণ দারিদ্র্যের নির্ভরযোগ্য তথ্যভা-র না থাকায় অনেক সময় প্রকৃত সুফলভোগী অন্তর্ভুক্ত হতে পারে না। এক্ষেত্রে গ্রামভিত্তিক দরিদ্রতার ডাটাবেজ থাকা বাঞ্ছনীয় বলে মনে করা হয়। চাহিদানুযায়ী বরাদ্দ বাড়ানোর সুপারিশও করা হয়।

জনপ্রতিনিধিগণ এক ধরনের মানবসেবার ব্রত নিয়ে নির্বাচিত হন। কিন্তু নির্বাচিত হওয়ার পর অনেকক্ষেে তাঁদের এ কমিটমেন্টের ঘাটতি লক্ষ করা যায়। এ জন্য নিঃস্বার্থভাবে জনপ্রতিনিধি কর্তৃক দরিদ্র মানুষের সেবা প্রদান করার কথাও উল্লেখ করা হয়। মানুষের মাঝে দেশপ্রেম থাকাও বাঞ্ছনীয়। তাইতো দেশপ্রেম থাকা ও ক্ষমতার অপব্যবহার বন্ধ করা এবং রাজনীতিতে 'আমি তোমার তুমি আমার নীতি গ্রহণ' বিষয়ক সুপারিশ করা হয়। এর পাশাপাশি ব্যক্তি পর্যায়ে গুণগত পরিবর্তনের কথা বলা হয়েছে। উদাহরণস্বরূপ নিজস্ব সততা, জবাবদিহিতা থাকা বাঞ্ছনীয় এবং আত্মশুদ্ধি, নৈতিক মূল্যবোধ বৃদ্ধি এবং নিজেকে পরিবর্তন করার উপর গুরুত্বারোপ করা হয়েছে দলীয় আলোচনায়।

যেকোনো কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয় একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের মধ্যে মাঠ পর্যায়ে সমন্বয়হীনতা রয়েছে। কর্মসূচিসমূহের মধ্যে আরো সমন্বয় ঘটানো প্রয়োজন বলে মতামত এসেছে। সুবিধা বন্টনের ক্ষেত্রে সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যান অনেক ক্ষেত্রে সরাসরি জড়িত হয়ে পড়েন। ফলে একটি সমন্বয়হীনতা ঘটতে পারে। তাই সংসদ সদস্য, উপজেলা পরিষদ, ইউএনও এবং ইউনিয়ন পরিষদের মধ্যে কার্যকর সমন্বয় আনয়ন করা প্রয়োজন। উপজেলা সমাজসেবা কার্যালয়ের সাথে ইউপি সদস্যদের সমন্বয় আরো বাড়ানোর পাশাপাশি সমাজসেবা কার্যালয় থেকে ভাতাদির (বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ইত্যাদি) পূর্ণাঙ্গ তথ্য দ্রুততার সাথে ইউপি কে জানানো প্রয়োজন বলেও উল্লেখ করা হয়। এর সাথে সরকারি চিঠি-পত্র সময়মতো ইউপিতে পৌঁছানো প্রয়োজন।

সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত সুপারিশসমূহ যা নিচের সারণি-৪ এ বিবৃত হয়েছে তা একেবারে তৃণমূল পর্যায়ে জড়িতদের নিকট থেকে উঠে এসেছে। এগুলো খুবই তাৎপর্যপূর্ণ হিসেবে বিবেচিত হতে পারে। নীতি-নির্ধারণগণ এসব অনুপঞ্জ বিশ্লেষণ বিবেচনায় নিতে পারেন। এতে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের গুণগত ব্যবস্থাপনা নিশ্চিতের পাশাপাশি প্রকৃত সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সরকারের এ মহৎ উদ্যোগের আরো সার্থক বাস্তবায়ন সম্ভব হবে বলে প্রতীয়মান হয়।

#### সারণি-৪: নির্বাচিত জনপ্রতিনিধিগণ কর্তৃক চিহ্নিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিদ্যমান চ্যালেঞ্জসমূহ নিরসনে সুপারিশমালা

| ক্রমিক নং | সামাধান সম্পর্কিত সুপারিশ  |
|-----------|--|
| ১.        | চাহিদানুযায়ী বরাদ্দ বৃদ্ধিকরণ   |
| ২.        | সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ বাস্তবায়নে রাজনৈতিক/দলীয় প্রভাবমুক্তকরণ ও স্বজনপ্রীতিহাসকরণ |
| ৩.        | বিদ্যমান নীতিমালার আলোকে জনঅংশগ্রহণপূর্বক সুফলভোগী নির্ধারণের সঠিক প্রক্রিয়ারঅনুসরণ করা     |
| ৪.        | সুফলভোগী নির্বাচন প্রক্রিয়ায় ডিজিটাল পদ্ধতির প্রবর্তন                                      |
| ৫.        | সুফলভোগী নির্বাচন প্রক্রিয়ায় ইউনিয়ন পরিষদের মতামতকে অধিকতর গুরুত্ব দেয়া                  |
| ৬.        | সুবিধার সুসম বন্টন নিশ্চিতকরণ  |
| ৭.        | দেশপ্রেম থাকা ও ক্ষমতার অপব্যবহার বন্ধ করা এবং রাজনীতিতে 'আমি তোমার তুমি আমার নীতি গ্রহণ'    |
| ৮.        | গণসচেতনতা বৃদ্ধিকরণ  |
| ৯.        | দুর্নীতি কমানো   |
| ১০.       | ইউনিয়ন পর্যায়ে জনগণকে প্রশিক্ষণ/ অবহিতকরণ কর্মসূচি পরিচালনার ব্যবস্থা থাকা                 |
| ১১.       | সুফলভোগী নির্বাচনে বিদ্যমান নীতিমালার ব্যত্যয় না ঘটানো                                      |
| ১২.       | সংসদ সদস্য, উপজেলা পরিষদ, ইউএনও এবং ইউনিয়ন পরিষদের মধ্যে কার্যকর সমন্বয় আনয়ন              |

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

| ক্রমিক নং | সামাধান সম্পর্কিত সুপারিশ   |
|-----------|---|
| ১৩.       | নিজস্ব সততা, জবাবদিহিতা থাকা বাধ্যনীয়  |
| ১৪.       | উপর থেকে হস্তক্ষেপ না করা   |
| ১৫.       | আমলাতান্ত্রিক জটিলতা নিরসন  |
| ১৬.       | আত্মশুদ্ধি, নৈতিক মূল্যবোধ বৃদ্ধি এবং নিজেকে পরিবর্তন করা   |
| ১৭.       | শক্তিশালী মনিটরিং ব্যবস্থা চালুকরণ  |
| ১৮.       | দরিদ্র মানুষের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন  |
| ১৯.       | তৃণমূল স্থানীয় সরকারকে আরো শক্তিশালীকরণ  |
| ২০.       | উপজেলা সমাজসেবা কার্যালয়ের সাথে ইউপি সদস্যদের সমন্বয় আরো বাড়ানো  |
| ২১.       | সুফলভোগী নির্বাচনে ইউপি ও উপজেলা কমিটির অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ   |
| ২২.       | সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের মধ্যে আরো সমন্বয় সাধন   |
| ২৩.       | নিঃস্বার্থভাবে জনপ্রতিনিধি কর্তৃক দরিদ্র মানুষের সেবা প্রদান  |
| ২৪.       | অলিখিত কোটা ও রাজনৈতিক প্রভাবমুক্ত সুফলভোগী নির্বাচন  |
| ২৫.       | সরকারি চিঠি-পত্র সময়মতো ইউপিতে পৌঁছানো   |
| ২৬.       | সরকারি পরিপত্রের পূর্ণাঙ্গ অনুসরণ ও বাস্তবায়ন  |
| ২৭.       | উন্নুক্ত পদ্ধতিতে ক্যাটাগরিভিত্তিক সুফলভোগীদের চলমান ও অপেক্ষমাণ তালিকা প্রণয়ন   |
| ২৮.       | উপজেলা পর্যায়ের কর্মকর্তা থেকে ইউপি পর্যন্ত সুফলভোগী নির্বাচনে বিদ্যমান অলিখিত কোটা ব্যবস্থা বন্ধ রাখা                     |
| ২৯.       | অনেক সময় সুবিধা সম্পর্কে সঠিক তথ্য উন্মুক্ত না করে গোপন রাখা   |
| ৩০.       | উপজেলা সমাজসেবা কার্যালয় হতে ভাতাদির (বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ইত্যাদি) পূর্ণাঙ্গ তথ্য দ্রুততার সাথে ইউপি কে জানানো |

(উৎস: দলীয় আলোচনা ২০১৬)

### উপসংহার ও সুপারিশ

**উপসংহার:** দেশের আপামর জনসাধারণের কল্যাণ তথা সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের একটি অন্যতম দায়িত্ব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী দরিদ্র মানুষের সামাজিক নিরাপত্তার অধিকার নিশ্চিত করার বিধান রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব। এ অনুচ্ছেদের মর্মার্থ বিবেচনায় নিয়ে সরকার প্রতিবছর প্রান্তিক ও দরিদ্র মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। জাতীয় বাজেটে এর অর্থায়নও দিন দিন বাড়ছে। আরো সুসম্বিতভাবে দরিদ্র মানুষের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে সরকার ২০১৫ সালে জীবনচক্রভিত্তিক জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র (National Social Security Strategy- NSSS) প্রণয়ন করেছে। কিন্তু মাঠ পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে নানা ধরনের চ্যালেঞ্জ রয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নের সাথে ওতোপ্রতোভাবে জড়িত স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর তথা ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি যথা: চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের নারী সদস্য এবং সচিবদের দৃষ্টিতে নিবন্ধে ৪২টি চ্যালেঞ্জ চিহ্নিত করা হয়েছে। এগুলো বিশ্লেষণ করলে দেখা যায়, বেশিরভাগ চ্যালেঞ্জ হলো সুফলভোগী নির্বাচনে ভ্রান্তি, রাজনৈতিক প্রভাব এবং অপ্রতুল বরাদ্দ সংক্রান্ত। এসবের উপজাত হিসেবে অন্যান্য চ্যালেঞ্জ উদ্ভব হয়েছে বলে প্রতীয়মান হয়। তবে উল্লিখিত চ্যালেঞ্জগুলোর প্রায় সবই নিরসনযোগ্য। নিরসনের উপায়ও জনপ্রতিনিধিগণ তুলে ধরেছেন। তাঁরা ৩০টি সমাধানের কৌশলের কথা উল্লেখ করেছেন। এগুলোর অধিকাংশই সঠিকভাবে সুফলভোগী নির্বাচন করার প্রক্রিয়া সম্পর্কিত। তাঁরা সবাই প্রত্যাশা করেন যে, নীতিমালা অনুযায়ী স্বচ্ছ, জন অংশগ্রহণমূলক, রাজনৈতিক প্রভাবমুক্ত সুফলভোগীর তালিকা যেন প্রণয়ন করা হয়। এতে তাঁরা ডিজিটাল তথ্যভা-র প্রবর্তন করে সুফলভোগীর তালিকা নির্ধারণের সুপারিশও করেন। এসব সুপারিশ নীতি-নির্ধারণকণ ভেবে দেখতে পারেন। এটি অনস্বীকার্য যে, গবেষণায় প্রাপ্ত চ্যালেঞ্জ ও সুপারিশসমূহ আমলে নিলে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আরো সুফল পাওয়া যাবে এবং অতি দরিদ্রের সংখ্যা আরো দ্রুত গতিতে কমে আসবে। ফলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সরকারের কাজে আরো গতি আসবে বলে প্রতীয়মান।

**সুপারিশ:** গবেষণার প্রাপ্ত ফলাফলের আলোকে কয়েকটি সুপারিশ করা যায়। এগুলো হলো:

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ



- ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও সচিবগণ যে ৩০টি সমাধানের কৌশল সুপারিশ আকারে তুলে ধরেছেন সেগুলোর অনুপুঞ্জ পর্যালোচনা করে অগ্রাধিকার নির্ধারণপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।
- সুফলভোগী নির্বাচন প্রক্রিয়ায় ডিজিটাল ডাটাবেজভিত্তিক পদ্ধতি অনুসরণের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।
- স্থানীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদ, সংশ্লিষ্ট উপজেলা জাতিগঠনমূলক কার্যালয়সমূহ এবং ইউনিয়ন পরিষদের মধ্যে আরো কার্যকর সমন্বয় সাধন ও শক্তিশালী মনিটরিং ব্যবস্থার প্রবর্তন করা যেতে পারে।

লোক-প্রশাসন সাময়িকী, সংখ্যা ৬৮, ২০১৮ খ্রিস্টাব্দ/ ১৪২৫ বঙ্গাব্দ, পৃষ্ঠা ৫০-৬৩

সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জ ও সমাধানের পথ: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামত বিশ্লেষণ

## তথ্য-নির্দেশ

অভিযোগনিষ্পত্তির মাধ্যমে সামাজিক সুরক্ষা কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক প্রশিক্ষণ সহায়িকা (২০১৭)। কুমিল্লা: বার্ড ও মানুষের জন্য ফাউন্ডেশন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (২০১০)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান। ঢাকা: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

————— (২০১৫)। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল: বাংলাদেশ। ঢাকা: পরিকল্পনা কমিশন।

————— (২০১৭)। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭। ঢাকা: অর্থ মন্ত্রণালয়।

Barkat, A, Karim, A and Hussain, AA 2011, *Social Protection Measures in Bangladesh: As Means to Improve Child Well-being*. Dhaka, Pathak Shamabesh. Retrieved from <http://bdlaws.minlaw.gov.bd>, accessed on 28 November 2017.

Rahman, HZ, Hulme, D, Maitrot, M and Ragno, LP eds. 2014, *Social Protection in Bangladesh: Building Effective Social Safety Nets and Ladders out of Poverty*. Dhaka, UPL.

Rahman, H Z, Choudhury, LA and Ali, KS 2011, *Social Safety Nets in Bangladesh*, vol. 1, Dhaka, PPRC & UNDP.

Titumir, RAM 2014, National Seminar on Social Protection Interventions in Bangladesh: Key Challenges and Way Forward for Enhancing Food Security, Dhaka, CIRDAP International Conference Centre, 22 May.